Visit Our Website: all.talukdaracademy.com.bd

# বৃত্তি পরীক্ষার প্রশ্নের ধরনভিত্তিক অনুশীলন

## সুপার সাজেশন ও নিজেকে যাচাইসহ

বৃত্তি পরীক্ষায় সাফল্যের জন্য নির্দিষ্ট প্রশ্নকাঠামো অনুযায়ী প্রস্তুতি নেওয়া জরুরি। এখানে NAPE প্রদত্ত প্রশ্নের ধরনভিত্তিক প্রতিটি অধ্যায়ের গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর দেওয়া হয়েছে। সবশেষে সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্নের নম্বর উল্লেখ করে সুপার সাজেশন দেওয়া হয়েছে। এগুলো ভালোভাবে অনুশীলন করলেই তোমার বৃত্তি পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন হবে।

### প্রশ্নের ধরন ১ বহুনির্বাচনি প্রশ্ন

*[৫টি প্রশ্ন থাকবে; সবগুলোর উত্তর দিতে হবে]* ১×৫ = ৫

### প্রথম অধ্যায় জীবের আবাসস্থল

১. যেখানে কোনো জীব স্বচ্ছন্দে বসবাস করতে পারে তাকে কী বলা হয়? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ময়মনসিংহ সদর]*
ক জীবজগৎ খ পরিবেশ
গ আবাসস্থল ঘ অভিযোজন **গ**

২. উদ্ভিদ ও প্রাণীর একটি বড় অংশ কোন পরিবেশে বসবাস করে? (জ্ঞান)
ক জলজ খ স্থলজ গ মেরু ঘ মরুজ **খ**

৩. নিচের কোনটি স্থলজ উদ্ভিদ? (জ্ঞান)
ক নিমগাছ খ শাপলা
গ কচুরিপানা ঘ টোপাপানা **ক**

৪. স্যাঁতস্যাঁতে, ভেজা ও ঠান্ডা স্থানে কোন ধরনের উদ্ভিদ জন্মে? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, নেত্রকোণা]*
ক মস ও ফার্ন খ ক্যাকটাস ও খেজুর
গ আম ও জাম ঘ সুন্দরী ও গেওয়া **ক**

৫. বড় উদ্ভিদের নিচে ছায়াযুক্ত স্থানে জন্মায়– (জ্ঞান)
ক ফার্ন খ তৃণ-উদ্ভিদ
গ অর্কিড ঘ টেরিস **খ**

৬. বড় উদ্ভিদের গায়ে আশ্রয় নেয় নিচের কোনটি? (জ্ঞান)
ক ঘাস খ অর্কিড গ মস ঘ সুন্দরীগাছ **খ**

৭. প্রাকৃতিকভাবে বিভিন্ন ধরনের উদ্ভিদ প্রচুর পরিমাণে জন্মালে সেখানে কী সৃষ্টি হয়? (জ্ঞান)
ক মরুভূমি খ বন
গ তৃণভূমি ঘ জলাভূমি **খ**

৮. মেহগনি, সুন্দরী কোন স্থলজ আবাসস্থলের উদ্ভিদ? (জ্ঞান)
ক বনজ খ মরুজ গ মেরু ঘ তৃণভূমি **ক**

৯. ব্যাঙ উভচর প্রাণী। কারণ ব্যাঙ— (অনুধাবন)
ক ডিম পাড়ে
খ স্থলে ও জলে উভয় স্থানে বাস করে
গ ফুসফুসের সাহায্যে শ্বাস নেয়
ঘ লাফিয়ে চলতে পারে **খ**

১০. সুমন প্রাকৃতিক পরিবেশে রয়েল বেঙ্গল টাইগার দেখতে চায়। এক্ষেত্রে তুমি তাকে কোথায় যাওয়ার পরামর্শ দিবে? (উচ্চতর দক্ষতা)
ক শালবন খ সুন্দরবন
গ চট্টগ্রামের বনাঞ্চল ঘ মধুপুর বন **খ**

১১. বিস্তীর্ণ এলাকা জুড়ে ঘাস জাতীয় উদ্ভিদের প্রাধান্য থাকলে, সেই আবাসস্থলকে কী বলে? (জ্ঞান)
ক বনভূমি খ তৃণভূমি
গ মরুভূমি ঘ জলাভূমি **খ**

১২. মরুভূমি অঞ্চলের আবহাওয়ার প্রধান বৈশিষ্ট্য কী? (জ্ঞান)
ক উচ্চ তাপমাত্রা ও কম বৃষ্টিপাত
খ নিম্ন তাপমাত্রা ও অধিক বৃষ্টিপাত
গ উচ্চ তাপমাত্রা ও অধিক বৃষ্টিপাত
ঘ নিম্ন তাপমাত্রা ও কম বৃষ্টিপাত **ক**

১৩. খেজুর, ফণীমনসা কোন পরিবেশে জন্মায়? (জ্ঞান)
ক তৃণভূমি খ মরুজ গ মেরু ঘ বনজ **খ**

১৪. পৃথিবীর কোন অঞ্চল সব সময় বরফে ঢাকা থাকে? (জ্ঞান)
ক মেরু অঞ্চল খ মরু অঞ্চল
গ বনভূমি ঘ তৃণভূমি **ক**

১৫. শ্বেত ভল্লুক, সিল ও পেঙ্গুইন কোন অঞ্চলের প্রাণী? (জ্ঞান)
ক বনজ অঞ্চলের খ মেরু অঞ্চলের
গ মরু অঞ্চলের ঘ জলজ অঞ্চলের **খ**

১৬. সারা বছর পানি থাকে এমন আবাসস্থলকে কী বলা হয়? (জ্ঞান)
ক স্থলজ আবাসস্থল খ জলজ আবাসস্থল
গ মরুজ আবাসস্থল ঘ উভচর আবাসস্থল **খ**

১৭. শাপলা, পদ্ম ও কচুরিপানা কোন পরিবেশে জন্মানো উদ্ভিদ? (জ্ঞান)
ক লবণাক্ত পানির পরিবেশে
খ মরুজ পরিবেশে
গ স্বাদু পানির পরিবেশে
ঘ বনজ পরিবেশে **গ**

১৮. সমুদ্রের পানির প্রধান বৈশিষ্ট্য কী? (জ্ঞান)
ক স্বাদু খ লবণাক্ত
গ উষ্ণ ঘ ঈষৎ ক্ষারীয় **খ**

১৯. ল্যামিনারিয়া ও সারগাসাম কোন পরিবেশের উদ্ভিদ? (জ্ঞান)
ক স্বাদু পানির খ সামুদ্রিক
গ জলাভূমির ঘ মরুভূমির **খ**

২০. সামুদ্রিক ঘাস নিচের কোনটি? (জ্ঞান)
ক হ্যালোডিউল খ ফার্ণ
গ মস ঘ সামুদ্রিক শৈবাল **ক**

২১. বাংলাদেশের হাওড় ও বাঁওড় কী ধরনের আবাসস্থলের উদাহরণ? (জ্ঞান)
ক জলাভূমি খ বনভূমি
গ মরুভূমি ঘ তৃণভূমি **ক**

২২. যেসব নিচু এলাকা বছরের বেশিরভাগ সময় জলমগ্ন থাকে কিন্তু বাকি সময় শুষ্ক থাকে তাকে কী বলে? (জ্ঞান)
ক হাওড় খ জলাভূমি
গ বাঁওড় ঘ পুকুর **খ**

২৩. স্বাদু পানির জলাভূমি নিচের কোনটি? (জ্ঞান)
ক সুন্দরবন খ হাকালুকি হাওড়
গ বঙ্গোপসাগর ঘ মোহনা **খ**

২৪. সুন্দরবন কী ধরনের জলাভূমির উদাহরণ? (জ্ঞান)
ক স্বাদু পানির জলাভূমি খ লবণাক্ত পানির জলাভূমি
গ উষ্ণ পানির জলাভূমি ঘ শীতল পানির জলাভূমি **খ**

২৫. নির্দিষ্ট পরিবেশে জীবের খাপ খাইয়ে বেঁচে থাকার প্রক্রিয়াকে কী বলে? (জ্ঞান)
ক পরিবর্তন খ বংশবৃদ্ধি
গ অবস্থান ঘ অভিযোজন **ঘ**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



২৬. কচুরিপানার মধ্যবর্তী ফাঁপা অংশটি হলো– (জ্ঞান)
ক বায়ুকুঠুরি খ স্পঞ্জ
গ পানিকুঠুরি ঘ বায়ুথলি **ক**

২৭. মুরগির পা শক্ত ও নখরযুক্ত হওয়ায় মুরগি কী সুবিধা পায়? (অনুধাবন)
ক পানিতে সাঁতার কাটতে
খ মাটি খুঁড়ে পোকা বের করে খেতে
গ দ্রুত দৌড়াতে
ঘ উড়তে সাহায্য করে **খ**

২৮. জলজ উদ্ভিদের অনন্য বৈশিষ্ট্য কোনটি? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: চাঁদপুর সদর; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, নেত্রকোণা]*
ক পাতা পুরু খ বায়ুকুঠুরি
গ ফুল ঘ কাঁটাযুক্ত **খ**

২৯. কচুরিপানার কান্ডে থাকা বায়ুকুঠুরির কাজ কোনটি? (উচ্চতর দক্ষতা)
ক খাদ্য তৈরিতে সহায়তা করা
খ পানিতে ভেসে থাকতে সাহায্য করা
গ দ্রুত বংশবৃদ্ধিতে সহায়তা করা
ঘ শ্বসনে সাহায্য করা **খ**

৩০. হাঁসের পায়ের আঙুলগুলো পাতলা পর্দা দিয়ে জোড়া লাগানো থাকে কেন? (অনুধাবন)
ক কাদা মাটিতে হাঁটার জন্য
খ পানিতে সাঁতার কাটার জন্য
গ দ্রুত দৌড়ানোর জন্য
ঘ শিকার ধরার জন্য **খ**

৩১. স্থলজ আবাসস্থলের মধ্যে প্রধান কোনটি? (জ্ঞান)
ক বনজ পরিবেশে খ মেরু পরিবেশ
গ মরুজ পরিবেশ ঘ তৃণভূমি **ক**

৩২. শীতকালে কিছু উদ্ভিদ তাদের পাতা ঝরিয়ে ফেলে কেন? (অনুধাবন)
ক কীটপতঙ্গকে আকর্ষণ করার জন্য
খ দেহের অতিরিক্ত পানি বের না হতে দেওয়ার জন্য
গ নতুন পাতা গজানোর জন্য
ঘ পোকামাকড় থেকে বাঁচার জন্য **খ**

৩৩. মরুভূমির উদ্ভিদের পাতা ও কাণ্ড রসালো এবং চ্যাপ্টা হয় কেন? (অনুধাবন)
ক ছায়া দেওয়ার জন্য
খ দেহে পানি জমা করে রাখার জন্য
গ দ্রুত বড় হওয়ার জন্য
ঘ বালু থেকে রক্ষা পাওয়ার জন্য **খ**

৩৪. মরুভূমির কিছু উদ্ভিদের পাতা কাঁটায় রূপান্তরিত হয় কেন? (অনুধাবন)
ক আত্মরক্ষার জন্য
খ পানি বের করে দেওয়ার জন্য
গ ফুল ফোটানোর জন্য
ঘ পরাগায়নের জন্য **ক**

৩৫. মরুজ পরিবেশে কোন প্রাণী শরীরে পানি ও খাদ্য সঞ্চয় করে রাখতে পারে? (অনুধাবন) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: পাঁচলাইশ, চট্টগ্রাম]*
ক গরু খ মহিষ গ হাতি ঘ উট **ঘ**

৩৬. স্থলজ পরিবেশের কোন অঞ্চল বরফে ঢাকা থাকে? (জ্ঞান)
ক মরুজ খ তৃণভূমি গ মেরু ঘ বনজ **গ**

৩৭. নিচের কোনটি মরুভূমির উদ্ভিদ? (জ্ঞান)
ক বাবলা খ খেজুর গ তাল ঘ কমলা **খ**

৩৮. মেরু অঞ্চলের প্রাণীদের চামড়ার নিচে পুরু চর্বির স্তর থাকে কেন? (অনুধাবন)
ক তাদের দেহ ভারী করার জন্য
খ সাঁতার কাটার সুবিধার জন্য
গ দেহকে উষ্ণ রাখার জন্য
ঘ শিকারিদের থেকে বাঁচার জন্য **গ**

৩৯. মেরু অঞ্চলের প্রাণীদের দেহের রং সাদা হয় কেন? (অনুধাবন)
ক ঠান্ডা সহ্য করার জন্য
খ আত্মরক্ষার জন্য
গ আলোর প্রতিফলনের জন্য
ঘ দেখতে সুন্দর লাগার জন্য **খ**

৪০. জলজ উদ্ভিদের দেহ সাধারণত নরম হয় কেন? (অনুধাবন)
ক পানির ঢেউয়ের সাথে খাপ খাওয়ানোর জন্য
খ দ্রুত বেড়ে ওঠার জন্য
গ এক স্থান হতে অন্য স্থানে যাওয়ার জন্য
ঘ পানিতে ভেসে থাকার জন্য **ক**

৪১. মাছের পটকা বা বায়ুথলি মাছকে কীভাবে সাহায্য করে? (অনুধাবন)
ক পানিতে ভেসে থাকতে খ অক্সিজেন গ্রহণ করতে
গ খাদ্য হজম করতে ঘ দ্রুত সাঁতার কাটতে **ক**

৪২. মাছ কিসের সাহায্যে পানিতে দ্রবীভূত অক্সিজেন গ্রহণ করে? (জ্ঞান)
ক ফুসফুস খ ফুলকা গ পটকা ঘ ত্বক **খ**

৪৩. জলমগ্ন অবস্থায় শ্বাস নেওয়ার জন্য জলাভূমির উদ্ভিদের কি থাকে? (জ্ঞান)
ক বায়ুকুঠুরি খ পত্ররন্ধ্র
গ শ্বাসমূল ঘ পানিকুঠুরি **গ**

৪৪. মাছের দেহে পাখনা ও লেজ কী কাজ করে? (জ্ঞান)
ক শ্বাসকার্য চালানো খ সাঁতার কাটা
গ আত্মরক্ষা করা ঘ খাদ্য গ্রহণ করা **খ**

৪৫. শ্বাসমূল কোন উদ্ভিদে পাওয়া যায়? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: চাঁদপুর সদর; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: শেরপুর সদর; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: পাঁচলাইশ, চট্টগ্রাম; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ৮৮ নং মানিকগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়]*
ক হিজল খ সুন্দরী গ পাকুড় ঘ কচুরিপানা **খ**

৪৬. শ্বাসমূল কোন বনের উদ্ভিদের অনন্য বৈশিষ্ট্য? (জ্ঞান)
ক শালবন খ তৃণভূমির বন
গ সুন্দরবন ঘ সোয়াম্প ফরেস্ট **গ**

৪৭. সুন্দরবনের সুন্দরী গাছের শ্বাসমূল মাটির উপরে উঠে আসে কেন? (অনুধাবন)
ক শ্বাসকার্যের অক্সিজেন গ্রহণের জন্য
খ গাছকে সোজা হয়ে থাকতে সাহায্য করার জন্য
গ অতিরিক্ত পানি বের করে দেওয়ার জন্য
ঘ ফল ধারণ করার জন্য **ক**

## দ্বিতীয় অধ্যায় | জীব ও পরিবেশের পারস্পরিক নির্ভরশীলতা

১. পরিবেশের উপাদান প্রধানত কয় প্রকার? (জ্ঞান)
ক দুই প্রকার খ তিন প্রকার
গ চার প্রকার ঘ পাঁচ প্রকার **ক**

২. গাছপালা, মানুষ, পশু-পাখি কী ধরনের উপাদান? (জ্ঞান)
ক জড় খ জীব
গ মৌলিক ঘ রাসায়নিক **খ**

৩. মাটি, পানি, বায়ু ও সূর্য কী ধরনের উপাদান? (জ্ঞান)
ক জড় উপাদান খ জীবন্ত উপাদান
গ মনুষ্যসৃষ্ট উপাদান ঘ রাসায়নিক উপাদান **ক**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৪. বেঁচে থাকার জন্য প্রতিটি জীব কিসের উপর নির্ভরশীল? (জ্ঞান)
ⓚ অন্য জীবের উপর ⓖ জড় বস্তুর ওপর
ⓖ মানুষের উপর ⓓ প্রাণীর উপর **খ**

৫. আমাদের শ্বাসকার্য চালানোর জন্য কোনটি প্রয়োজন? (জ্ঞান)
ⓚ পানি ⓖ বায়ু ⓖ সূর্য ⓓ মাটি **খ**

৬. কোনটি ছাড়া আমাদের জীবন অচল? (জ্ঞান)
ⓚ মাটি ⓖ সূর্য ⓖ জড় বস্তু ⓓ পানি **ঘ**

৭. মাটি থেকে আমরা কী পাই? (জ্ঞান)
ⓚ অক্সিজেন ⓖ আর্দ্রতা
ⓖ সূর্যালোক ⓓ খাদ্যশস্য **ঘ**

৮. বেঁচে থাকা, বংশবৃদ্ধি ও প্রকৃতিতে টিকে থাকার জন্য আমরা কিসের উপর নির্ভরশীল? (অনুধাবন)
ⓚ জড় বস্তু ⓖ প্রাণী
ⓖ মাটি ⓓ পানি **ক**

৯. উদ্ভিদ খাদ্য তৈরির জন্য জড় পরিবেশ থেকে কী কী ব্যবহার করে? (অনুধাবন)
ⓚ অক্সিজেন ও পানি
ⓖ নাইট্রোজেন ও সূর্য
ⓖ মাটি ও অক্সিজেন
ⓓ সূর্যের আলো ও কার্বন ডাইঅক্সাইড **ঘ**

১০. সবুজ উদ্ভিদের দেহে কত শতাংশ পানি থাকে? (জ্ঞান)
*[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ময়মনসিংহ পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়]*
ⓚ ৮০–৯০ ⓖ ৫০–৬০
ⓖ ৭০–৯০ ⓓ ৪০–৭০ **গ**

১১. নিচের কোন উদ্ভিদটি পানিতে জন্মায়? (জ্ঞান)
ⓚ তেঁতুল ⓖ আম ⓖ লিচু ⓓ টোপাপানা **ঘ**

১২. প্রাণী শ্বাসকার্যে কোন গ্যাস ত্যাগ করে? (জ্ঞান)
ⓚ অক্সিজেন ⓖ কার্বন ডাইঅক্সাইড
ⓖ নাইট্রোজেন ⓓ হাইড্রোজেন **খ**

১৩. উদ্ভিদ খাদ্য তৈরিতে কোন গ্যাস ব্যবহার করে? (জ্ঞান)
ⓚ অক্সিজেন ⓖ নাইট্রোজেন
ⓖ কার্বন ডাইঅক্সাইড ⓓ কার্বন **গ**

১৪. উদ্ভিদ ও প্রাণীর শ্বাসকার্য কীভাবে সম্পর্কিত? (অনুধাবন)
ⓚ গ্যাস বিনিময়ের মাধ্যমে
ⓖ খাদ্য তৈরির মাধ্যমে
ⓖ আশ্রয় দানের মাধ্যমে
ⓓ বংশবৃদ্ধির মাধ্যমে **ক**

১৫. উদ্ভিদ সালোকসংশ্লেষণে কোন গ্যাস উৎপন্ন করে? (জ্ঞান)
ⓚ অক্সিজেন ⓖ কার্বন ডাইঅক্সাইড
ⓖ হাইড্রোজেন ⓓ আর্গন **ক**

১৬. এক ফুলের পরাগরেণু অন্য ফুলে স্থানান্তরিত হওয়াকে কী বলে? (জ্ঞান)
ⓚ অঙ্কুরোদগম ⓖ পরাগায়ন
ⓖ শ্বসন ⓓ সালোকসংশ্লেষণ **খ**

১৭. উদ্ভিদের বংশবৃদ্ধির জন্য কোনটি প্রয়োজন? (জ্ঞান)
ⓚ পরাগায়ন ⓖ শ্বাসগ্রহণ
ⓖ সালোকসংশ্লেষণ ⓓ খাদ্যগ্রহণ **ক**

১৮. পরাগায়ন না হলে উদ্ভিদের কী সমস্যা হবে? (অনুধাবন)
ⓚ খাদ্য তৈরি হবে না ⓖ বংশবৃদ্ধি ব্যাহত হবে
ⓖ শ্বাসকার্য বন্ধ হবে ⓓ বৃদ্ধি থেমে যাবে **খ**

১৯. মৃতদেহ মাটির জন্য উপকারী কেন? (প্রয়োগ)
ⓚ মাটির পুষ্টি জোগায় ⓖ মাটির পানি ধারণক্ষমতা বাড়ায়
ⓖ মাটির রং বদলায় ⓓ মাটি নরম করে **ক**

২০. পাখি ফল খেয়ে কী ছড়াতে সাহায্য করে? (জ্ঞান)
ⓚ ফুল ⓖ বীজ ⓖ পাতা ⓓ সার **খ**

২১. একটি বনে পাখি কমে গেলে কোন প্রক্রিয়াটি সবচেয়ে বেশি ব্যাহত হবে? (প্রয়োগ)
ⓚ বীজের বিস্তরণ ⓖ উদ্ভিদের সালোকসংশ্লেষণ
ⓖ মাটির উর্বরতা বৃদ্ধি ⓓ উদ্ভিদের শ্বসন **ক**

২২. আমাদের অধিকাংশ খাদ্য কোথা থেকে আসে? (জ্ঞান)
ⓚ প্রাণী ⓖ পানি ⓖ মাটি ⓓ উদ্ভিদ **ঘ**

২৩. ঘরবাড়ি, আসবাবপত্র তৈরির কাঠ কোন উৎস থেকে আসে? (অনুধাবন)
ⓚ প্রাণী ⓖ উদ্ভিদ ⓖ মাটি ⓓ খনি **খ**

২৪. চিরুনি তৈরি হয় প্রাণীর কী দিয়ে? (জ্ঞান)
ⓚ চামড়া ⓖ পশম ⓖ হাড় ⓓ খুঁড় **গ**

২৫. প্রাণীর কোন উপাদানটি সার তৈরিতে ব্যবহৃত হয়? (জ্ঞান)
ⓚ হাড় ⓖ পশম ⓖ চামড়া ⓓ খুঁড় **ক**

২৬. কৃষক জমিতে সার প্রয়োগ করলে নিচের কোনটি উপকৃত হয়? (প্রয়োগ)
ⓚ উদ্ভিদ ⓖ প্রাণী ⓖ মাটি ⓓ পানি **ক**

২৭. জীবনের জন্য সকল জীবের কী প্রয়োজন? (জ্ঞান)
ⓚ খাদ্য ⓖ পুষ্টি ⓖ পরিবেশ ⓓ জলবায়ু **ক**

২৮. প্রাণী ও উদ্ভিদ কিসের জন্য পরস্পরের উপর নির্ভরশীল? (জ্ঞান)
ⓚ পানি ⓖ বায়ু ⓖ খাদ্য ⓓ বাসস্থান **গ**

২৯. তোমার বন্ধু সুন্দরবনের বাস্তুতন্ত্র দেখতে চায়। তুমি তাকে কোথায় যাওয়ার পরামর্শ দিবে? (উচ্চতর দক্ষতা)
ⓚ ঢাকা ⓖ কুমিল্লা ⓖ খুলনা ⓓ রাজশাহী **গ**

৩০. যেসকল প্রাণী অন্য প্রাণী বা উদ্ভিদকে খায় তারা হলো— (জ্ঞান)
ⓚ উৎপাদক ⓖ খাদক ⓖ খাদ্য ⓓ বিয়োজক **খ**

৩১. খাদ্য এবং খাদকের মধ্যকার সম্পর্ককে কী বলে? (জ্ঞান)
ⓚ খাদ্যশৃঙ্খল ⓖ খাদ্যজাল
ⓖ শক্তিপ্রবাহ ⓓ বাস্তুতন্ত্র **ক**

৩২. যা খেয়ে প্রাণী জীবন ধারণ করে তাকে কী বলে? (জ্ঞান)
ⓚ উৎপাদক ⓖ খাদ্য
ⓖ খাদক ⓓ বিয়োজক **খ**

৩৩. মানুষ ও প্রাণী কী থেকে শক্তি পায়? (জ্ঞান)
ⓚ পানি ⓖ বায়ু ⓖ খাদ্য ⓓ পুষ্টি **গ**

৩৪. খাদ্য শৃঙ্খলে উৎপাদক কোনটি? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, নেত্রকোণা; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ময়মনসিংহ পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ৮৮ নং মানিকগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়]*
ⓚ ছত্রাক ⓖ সবুজ উদ্ভিদ
ⓖ পশুর খামার ⓓ কলকারখানা **খ**

৩৫. সবুজ উদ্ভিদকে উৎপাদক বলা হয়। কারণ এরা— (উচ্চতর দক্ষতা)
ⓚ প্রাণীদের খাদ্য জোগায়
ⓖ বংশবৃদ্ধি করে
ⓖ মাটি থেকে পুষ্টি নেয়
ⓓ নিজের খাদ্য নিজে তৈরি করে **ঘ**

৩৬. প্রাণীকে খাদক বলার কারণ কী? (জ্ঞান)
ⓚ নিজের খাদ্য তৈরি করতে পারে না
ⓖ চলাচল করতে পারে
ⓖ শ্বাসকার্য চালায়
ⓓ শক্তি ব্যবহার করে **ক**

৩৭. ঘাসফড়িং, গরু, ছাগল কোন স্তরের খাদক? (জ্ঞান)
ⓚ প্রথম ⓖ দ্বিতীয় ⓖ তৃতীয় ⓓ সর্বোচ্চ **ক**

৩৮. ব্যাঙ কোন স্তরের খাদক? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: শেরপুর সদর]*
ⓚ প্রথম ⓖ দ্বিতীয় ⓖ তৃতীয় ⓓ সর্বোচ্চ **খ**

প্রাথমিক বিজ্ঞান

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৩৯. ঈগল কোন স্তরের খাদক? (জ্ঞান)
*[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ময়মনসিংহ সদর]*
ক প্রথম খ দ্বিতীয় গ তৃতীয় ঘ চতুর্থ **গ**

৪০. খাদ্যশৃঙ্খলের প্রতিটি স্তরকে কী বলে? (জ্ঞান)
ক খাদ্যসার খ খাদ্যস্তর
গ খাদ্যজাল ঘ খাদ্য পিরামিড **খ**

৪১. অধিকাংশ তৃতীয় স্তরের খাদক– (জ্ঞান)
ক উৎপাদক খ বিয়োজক
গ মাংসভোজী ঘ খাদক **গ**

৪২. একাধিক খাদ্যশৃঙ্খল একত্রে কী তৈরি করে? (জ্ঞান)
ক খাদ্য পিরামিড খ খাদ্যজাল
গ শক্তিপ্রবাহ ঘ ট্রফিক লেভেল **খ**

৪৩. খাদ্যজাল খাদ্যশৃঙ্খলের চেয়ে জটিল কেন? (উচ্চতর দক্ষতা)
ক এখানে শুধু উৎপাদক থাকে
খ একাধিক খাদ্য-খাদক সম্পর্ক থাকে
গ এটি সহজে পরিবর্তিত হয়
ঘ এখানে কোনো খাদক নেই **খ**

৪৪. জীবজগতের সকল শক্তির উৎস কী? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: চাঁদপুর সদর; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: পাঁচলাইশ, চট্টগ্রাম]*
ক সূর্য খ সবুজ উদ্ভিদ
গ খাদ্য ঘ বায়ু **ক**

৪৫. সৌরশক্তি প্রথমে কোন জীবে জমা হয়? (জ্ঞান)
ক সবুজ উদ্ভিদ খ প্রাণী
গ মানুষ ঘ ছত্রাক **ক**

৪৬. সালোকসংশ্লেষণের সময় সৌরশক্তি সবুজ উদ্ভিদে কোন শক্তি হিসেবে জমা হয়? (জ্ঞান)
ক প্রাকৃতিক খ রাসায়নিক
গ কৃত্রিম ঘ প্রতিফলিত **খ**

৪৭. উৎপাদক থেকে খাদকে শক্তির স্থানান্তরকে কী বলে? (জ্ঞান)
ক খাদ্যশৃঙ্খল খ শক্তি প্রবাহ
গ খাদ্যজাল ঘ শ্বসন **খ**

৪৮. নিচের কোনটি শক্তি স্থানান্তরের সঠিক প্রবাহ চিত্র? (অনুধাবন)
ক প্রাণী → উদ্ভিদ → সূর্য খ সূর্য → উদ্ভিদ → প্রাণী
গ উদ্ভিদ → সূর্য → প্রাণী ঘ সূর্য → প্রাণী → উদ্ভিদ **গ**

৪৯. খাদ্যশৃঙ্খলে শক্তি প্রবাহের দিক কেমন? (অনুধাবন)
ক বহুমুখী খ দ্বিমুখী গ একমুখী ঘ বৃত্তাকার **গ**

৫০. জীব ও জড়বস্তুর ভারসাম্য কীভাবে নষ্ট হতে পারে? (অনুধাবন)
ক পরিবেশের উপাদানের পরিবর্তনে
খ ঋতু পরিবর্তনে
গ জনসংখ্যা হ্রাস বৃদ্ধি হলে
ঘ জনসংখ্যা স্থির থাকলে **ক**

৫১. পরিবেশের ভারসাম্য নষ্ট হলে কী হবে? (অনুধাবন)
ক ঋতু অপরিবর্তিত খ খরা, খাদ্যজাল ধ্বংস
গ জনসংখ্যা বৃদ্ধি ঘ পরিবেশ বাসযোগ্য **খ**

৫২. মানুষ ও জীবজগতের অস্তিত্ব রক্ষায় কী অপরিহার্য? (অনুধাবন)
ক প্রযুক্তিগত উন্নয়ন খ পরিবেশের ভারসাম্য
গ অর্থনৈতিক সমৃদ্ধি ঘ জীবের প্রজাতি তৈরি **খ**

## তৃতীয় অধ্যায় খাদ্য

১. খাদ্য আমাদের দেহে কী তৈরি করে? (জ্ঞান)
ক অবসাদ খ শক্তি
গ ক্লান্তি ঘ ঘুম **খ**

২. যেসব খাবারে সকল পুষ্টি উপাদান পরিমিত পরিমাণে থাকে, তাকে কী বলে? (জ্ঞান)
ক সুষম খাদ্য খ অরুচিকর খাদ্য
গ জাঙ্ক ফুড ঘ পুষ্টিহীন খাদ্য **ক**

৩. তেল, বাদাম কোন জাতীয় খাদ্য? (জ্ঞান)
*[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, নেত্রকোণা]*
ক শর্করা খ আমিষ গ স্নেহ ঘ খনিজ লবণ **গ**

৪. নিচের কোনটি শর্করা জাতীয় খাদ্য? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: চাঁদপুর সদর; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ময়মনসিংহ পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়]*
ক ডিম খ আলু গ মাখন ঘ মৌসুমি ফল **খ**

৫. ভিটামিন ও খনিজ লবণের প্রধান উৎস কী? (জ্ঞান)
ক ভাত ও রুটি খ মাছ ও মাংস
গ শাকসবজি ও ফলমূল ঘ তেল ও ঘি **গ**

৬. নিচের কোনটি স্নেহজাতীয় খাদ্য নয়? (জ্ঞান)
*[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ৮৮ নং মানিকগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়]*
ক ঘি খ মাখন গ ভোজ্যতেল ঘ ভাত **ঘ**

৭. বাড়ন্ত শিশুদের খাদ্য তালিকায় কোন ধরনের খাবার বেশি থাকা উচিত? (অনুধাবন)
ক শর্করা খ আমিষ গ চর্বি ঘ ভিটামিন **খ**

৮. একজন ৬ বছর বয়সী শিশুর জন্য সুষম খাদ্যের তালিকা তৈরি করতে গেলে কোন খাবারটি বেশি গুরুত্ব পাবে? (প্রয়োগ)
ক ভাত ও ডাল খ তেল ও ঘি
গ নুডুলস ও ডিম ঘ মাছ ও মাংস **ঘ**

৯. ৬-১২ বছর বয়স শিশুদের সুষম খাদ্য তালিকায় কী পরিমাণ আমিষ থাকা উচিত? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: চাঁদপুর সদর]*
ক ১৫০ খ ৭৫ গ ৬০ ঘ ১০০ **গ**

১০. ৬-১২ বছর বয়সী শিশুদের সুষম খাদ্যের তালিকায় তেল, চর্বি কত গ্রাম থাকা প্রয়োজন? (জ্ঞান)
ক ১০–১৫ খ ১৫–২০
গ ২০–২৫ ঘ ৩০–৩৫ **খ**

১১. শিশুদের জন্য প্রতিদিন কী পরিমাণ ভাত খাওয়া প্রয়োজন? (জ্ঞান)
ক আধা কাপ খ ৩ কাপ
গ ২ কাপ ঘ ১ কাপ **ঘ**

১২. শিশুদের প্রতিদিন কী পরিমাণ ফল খাওয়া উচিত? (জ্ঞান)
ক ২টি খ ১টি গ ৩টি ঘ ৪টি **খ**

১৩. বয়স্ক ব্যক্তিদের জন্য কেমন খাবার প্রয়োজন? (অনুধাবন)
ক চর্বিযুক্ত ও গুরুপাক খ সহজপাচ্য ও পুষ্টিকর
গ মিষ্টি ও লবণাক্ত ঘ ঠান্ডা ও টক **খ**

১৪. দেহকে সুস্থ, সবল ও কর্মক্ষম রাখার জন্য কী অপরিহার্য? (জ্ঞান)
ক সুষম খাদ্য গ্রহণ খ অতিরিক্ত ব্যায়াম
গ বেশি ঘুমানো ঘ কম খাওয়া **ক**

১৫. প্রতিদিন প্রয়োজনীয় পরিমাণে সুষম খাদ্য গ্রহণ না করলে কী হয়? (অনুধাবন)
ক ঘুম বেড়ে যায়
খ শরীর অতিরিক্ত শক্তিশালী হয়
গ মানসিক চাপ বেড়ে যায়
ঘ শরীরে পুষ্টির ভারসাম্য নষ্ট হয় **ঘ**

১৬. শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায় কেন? (অনুধাবন)
ক প্রতিদিনের খাবার সুষম না হলে
খ অতিরিক্ত ব্যায়াম করলে
গ বেশি ঘুমালে
ঘ কম পানি পান করলে **ক**

১৭. রিনা প্রায়ই অসুস্থ থাকে এবং তার শরীরের বৃদ্ধি ঠিকমতো হচ্ছে না। এর সম্ভাব্য কারণ কী? (প্রয়োগ)
ক তার খাবারে সুষম পুষ্টির অভাব রয়েছে
খ সে অতিরিক্ত খেলাধুলা করে
গ সে বেশি ঘুমায়
ঘ পর্যাপ্ত পানি পান করে না **ক**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



১৮. সামান্য কেটে ছিঁড়ে গেলে ওষুধ ছাড়াই ক্ষতস্থান ভালো হওয়ার মূল কারণ– (অনুধাবন)
ক ভিটামিন খ সুষম খাদ্য
গ আমিষ ঘ দুগ্ধজাত খাদ্য
উত্তর: খ

১৯. নির্দিষ্ট সময়সূচি মেনে খাদ্য গ্রহণ করলে কী হয়? (জ্ঞান)
ক শরীর দুর্বল হয় খ শরীর সুস্থ থাকে
গ ওজন কমে যায় ঘ ক্ষুধা বেড়ে যায়
উত্তর: খ

২০. সময়মতো খাবার গ্রহণ না করলে কোন সমস্যা দেখা দিতে পারে? (জ্ঞান)
ক স্থূলতা বৃদ্ধি পায় খ দাঁত ব্যথা
গ পাকস্থলীতে আলসার ঘ মাথা ব্যথা
উত্তর: গ

২১. সঠিক সময়ে খাবার খেলে কোনটি বৃদ্ধি পায়? (জ্ঞান)
ক শরীরের ওজন খ মস্তিষ্কের কর্মক্ষমতা
গ ক্লান্তি ঘ অসুস্থতা
উত্তর: খ

২২. শিশুদের স্বাভাবিক বৃদ্ধি ব্যাহত হয় নিচের কোনটির কারণে? (অনুধাবন)
ক আঁশযুক্ত খাদ্যের জন্য খ সুষম খাদ্যের জন্য
গ খনিজ পদার্থের জন্য ঘ ভিটামিনের জন্য
উত্তর: খ

২৩. সকালের খাবার কখন খেয়ে নেওয়া ভালো? (জ্ঞান)
ক সকাল ১০টার মধ্যে খ সকাল ৮টার মধ্যে
গ সকাল ৯টার মধ্যে ঘ সকাল ৭টার মধ্যে
উত্তর: খ

২৪. দুপুরের খাবার গ্রহণের সঠিক সময় কোনটি? (জ্ঞান)
ক বেলা ১২:৩০টা থেকে ১টা
খ বেলা ২টা থেকে ৩টা
গ বেলা ১১:৩০টা থেকে ১২টা
ঘ বেলা ৩টা থেকে ৪টা
উত্তর: ক

২৫. রাতের খাবার কখন খেয়ে ফেলা ভালো? (জ্ঞান)
ক রাত ১০টার মধ্যে খ রাত ৯টার মধ্যে
গ সন্ধ্যা ৭টার মধ্যে ঘ রাত ৮টার মধ্যে
উত্তর: গ

২৬. মস্তিষ্কের কর্মক্ষমতা বৃদ্ধি পায় নিচের কোন কারণে? (অনুধাবন)
ক দ্রুত খাবার খেলে খ সময়মতো খাবার খেলে
গ সহজপাচ্য খাবার খেলে ঘ ধীরে খাবার খেলে
উত্তর: খ

২৭. প্রতি বেলার খাবার গ্রহণের মাঝে কতক্ষণ বিরতি দেওয়া প্রয়োজন? (জ্ঞান)
ক ২ ঘণ্টা খ ৪ ঘণ্টা গ ৬ ঘণ্টা ঘ ৮ ঘণ্টা
উত্তর: খ

২৮. খাবার হজম হতে কয় ঘণ্টা সময় লাগে? (জ্ঞান)
ক ২-৩ খ ৩-৪ গ ৪-৫ ঘ ৫-৬
উত্তর: খ

২৯. রাতের খাবার কেমন হওয়া উচিত? (জ্ঞান)
ক সুষম খ সহজলভ্য
গ সহজপাচ্য ঘ রাফেজ যুক্ত
উত্তর: গ

৩০. খাদ্য সংরক্ষণ কেন প্রয়োজন হয়? (অনুধাবন)
ক খাবারকে সুস্বাদু করার জন্য
খ খাবারের পরিমাণ বাড়ানোর জন্য
গ পচন রোধ করার জন্য
ঘ খাবারের রঙ বদলানোর জন্য
উত্তর: গ

৩১. খাদ্য সংরক্ষণের প্রধান উদ্দেশ্য কী? (অনুধাবন)
ক খাদ্যের গুণাগুণ অক্ষুণ্ণ রাখা
খ খাদ্যের দাম বাড়ানো
গ খাদ্যকে আকর্ষণীয় করা
ঘ খাদ্যকে সহজলভ্য করা
উত্তর: ক

৩২. শুকিয়ে খাদ্য সংরক্ষণ কী ধরনের পদ্ধতি? (জ্ঞান)
ক প্রচলিত পদ্ধতি খ আধুনিক পদ্ধতি
গ ব্যয়বহুল পদ্ধতি ঘ রাসায়নিক পদ্ধতি
উত্তর: ক

৩৩. কোন কোন খাদ্য শুকিয়ে সংরক্ষণ করা হয়? (জ্ঞান)
ক ধান, গম, ডাল, মাছ খ দুধ, দই, মিষ্টি
গ রান্না করা তরকারি ঘ তাজা ফল
উত্তর: ক

৩৪. রফিক দেখল তার মা কাঁচা আম রোদে শুকাচ্ছেন। এটি কোন ধরনের খাদ্য সংরক্ষণ পদ্ধতি? (উচ্চতর দক্ষতা)
ক শুকিয়ে সংরক্ষণ খ ফ্রিজিং
গ কিউরিং ঘ আচার তৈরি
উত্তর: ক

৩৫. একজন কৃষক তার ক্ষেতে উৎপাদিত অতিরিক্ত গম দীর্ঘদিন ভালো রাখতে চান। তার কী করা উচিত? (উচ্চতর দক্ষতা)
ক শুকিয়ে বায়ুরোধী পাত্রে রাখা
খ ফ্রিজে রেখে দেওয়া
গ পানিতে ভিজিয়ে রাখা
ঘ লবণ দিয়ে মেখে রাখা
উত্তর: ক

৩৬. ফ্রিজে খাদ্য সংরক্ষণ করলে খাদ্য পচনকারী অণুজীবের কী হয়? (অনুধাবন)
ক অণুজীব মারা যায় খ অণুজীব সক্রিয় হয়
গ অণুজীবের সংখ্যা বাড়ে ঘ অণুজীব নিষ্ক্রিয় থাকে
উত্তর: ঘ

৩৭. বাড়িতে সাধারণত কত তাপমাত্রায় রেফ্রিজারেটরে খাদ্য সংরক্ষণ করা হয়? (জ্ঞান)
ক ৪° সে. থেকে -১৮° সে.
খ ১০° সে. থেকে ২০° সে.
গ -২০° সে. থেকে -৩০° সে.
ঘ ২০° সে. থেকে ৩০° সে.
উত্তর: ক

৩৮. হিমাগারে বাণিজ্যিকভাবে সংরক্ষণ করা হয় নিচের কোন ফসল? (অনুধাবন)
ক আলু, গাজর খ ধান, সরিষা
গ গম, ভুট্টা ঘ জলপাই, লেবু
উত্তর: ক

৩৯. খাবার লবণ বা এর দ্রবণ দ্বারা খাদ্য সংরক্ষণ করার প্রক্রিয়াকে কী বলে? (জ্ঞান)
ক কিউরিং খ ফ্রিজিং
গ ড্রায়িং ঘ ক্যানিং
উত্তর: ক

৪০. যখন ফ্রিজের প্রচলন ছিল না, তখন কোন পদ্ধতিতে মাংস বা মাছ সংরক্ষণ করা হতো? (অনুধাবন)
ক তেল দিয়ে খ চিনি দিয়ে
গ লবণ দিয়ে ঘ মসলা দিয়ে
উত্তর: গ

৪১. কোনটি খাদ্য সংরক্ষণের সঠিক প্রবাহচিত্র? (জ্ঞান)
ক খাদ্য→কিউরিং→সংরক্ষণ
খ খাদ্য→ পানি দেওয়া → রোদে রাখা
গ খাদ্য → বাতাসে রাখা→ সংরক্ষণ
ঘ সবজি → উচ্চ তাপমাত্রা→ সংরক্ষণ
উত্তর: ক

৪২. আচার তৈরিতে খাদ্য সংরক্ষক হিসেবে কী ব্যবহৃত হয়? (জ্ঞান)
ক লবণ, চিনি, ভিনেগার, তেল
খ পানি, লবণ, মসলা, চিনি
গ ফল, চিনি, মাংস, তেল
ঘ সিরকা, ভুট্টা, লবণ
উত্তর: ক

৪৩. বিভিন্ন ফল বা ফলের রস চিনির সাথে মিশিয়ে কী হিসেবে সংরক্ষণ করা হয়? (জ্ঞান)
ক আচার খ জ্যাম-জেলি
গ মোরব্বা ঘ চাটনি
উত্তর: খ

৪৪. মানুষের মৌলিক চাহিদার মধ্যে প্রথম কোনটি? (জ্ঞান)
ক শিক্ষা খ বস্ত্র
গ বাসস্থান ঘ খাদ্য
উত্তর: ঘ

৪৫. পর্যাপ্ত খাদ্য পাওয়ার জন্য নিচের কোনটি জরুরি? (জ্ঞান)
ক খাদ্য প্রক্রিয়াজাতকরণ খ ফ্রিজিং
গ খাদ্য সংরক্ষণ ঘ কিউরিং
উত্তর: গ

প্রাথমিক বিজ্ঞান

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৪৬. খাদ্য সংরক্ষণের ফলে কী রোধ করা যায়? (জ্ঞান)
ক খাদ্যের অপচয় খ খাদ্যের উৎপাদন
গ খাদ্যের চাহিদা ঘ খাদ্যের দাম — ক

৪৭. আমাদের দেশে উৎপাদিত আলু, পিঁয়াজ, রসুন কীভাবে সারাবছরের চাহিদা মেটায়? (অনুধাবন)
ক হিমাগারে সংরক্ষণ করে খ শুকিয়ে সংরক্ষণ করে
গ লবণ দিয়ে সংরক্ষণ করে ঘ আচার তৈরি করে — ক

৪৮. খাদ্য সংরক্ষণ প্রক্রিয়া খাদ্যে কী তৈরি হতে বাঁধা দেয়? (জ্ঞান)
ক ব্যাকটেরিয়া খ ফাঙ্গাস
গ অণুজীব ঘ ছত্রাক — গ

৪৯. খাদ্য সংরক্ষণের সবচেয়ে বড় সুবিধা কী? (অনুধাবন)
ক অসময়ে খাদ্য প্রাপ্তি নিশ্চিত করা
খ খাদ্যের পুষ্টিগুণ সম্পূর্ণ নষ্ট করা
গ খাদ্যের দাম অনেক বাড়িয়ে দেওয়া
ঘ খাদ্যকে অস্বাস্থ্যকর করে তোলা — ক

## চতুর্থ অধ্যায় বয়ঃসন্ধিকাল

১. বাল্যকাল থেকে কৈশোর পর্যন্ত আমাদের যেসকল শারীরিক ধাপ অতিক্রম করতে হয়, তাকে কি বলে? (জ্ঞান)
ক শৈশবকাল খ বয়ঃসন্ধিকাল
গ যৌবনকাল ঘ বার্ধক্যকাল — খ

২. মানব জীবনে শারীরিক পরিবর্তনের ধারাবাহিক ধাপসমূহের প্রথম ধাপ কোনটি? (জ্ঞান)
ক শৈশবকাল খ বাল্যকাল
গ কৈশোরকাল ঘ যৌবনকাল — ক

৩. বয়ঃসন্ধিকাল সাধারণত কোন সময়ে শুরু হয়? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: শেরপুর সদর; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: চাঁদপুর সদর]*
ক বাল্যকাল খ কৈশর
গ শৈশবকাল ঘ যৌবনকাল — ক

৪. মানুষের জীবনের ধারাবাহিক প্রবাহচিত্র কোনটি? (অনুধাবন)
ক শৈশবকাল→বাল্যকাল → বয়ঃসন্ধিকাল→ যৌবনকাল → বার্ধক্য
খ বাল্যকাল→ শৈশবকাল→ বার্ধক্য→ বয়ঃসন্ধিকাল→ যৌবনকাল
গ বয়ঃসন্ধিকাল → শৈশবকাল→বাল্যকাল →যৌবনকাল → বার্ধক্য
ঘ শৈশবকাল → বয়ঃসন্ধিকাল → বাল্যকাল → বার্ধক্য→যৌবনকাল — ক

৫. মেয়েদের বয়ঃসন্ধিকালের সময় হলো– (জ্ঞান)
ক ৮ থেকে ১৩ বছর খ ৯ থেকে ১৫ বছর
গ ৭ থেকে ১০ বছর ঘ ১০ থেকে ১৬ বছর — ক

৬. ছেলেদের বয়ঃসন্ধিকালের সময় হলো– (জ্ঞান)
ক ৮ থেকে ১৩ বছর খ ৭ থেকে ১১ বছর
গ ৯ থেকে ১৫ বছর ঘ ১০ থেকে ১৪ বছর — গ

৭. বয়ঃসন্ধিকালে দ্রুত শারীরিক বৃদ্ধির কারণে কোনটির পরিবর্তন ঘটে? (অনুধাবন)
ক ওজন ও উচ্চতার খ চুলের রঙের
গ চোখের রঙের ঘ ত্বকের ধরন — ক

৮. বয়ঃসন্ধিকালে কিশোর-কিশোরীদের মধ্যে কোন ধরনের মানসিক পরিবর্তন দেখা যায়? (অনুধাবন)
ক কৌতূহল কমে যাওয়া
খ সব সময় শান্ত থাকা
গ অতিরিক্ত আবেগ প্রকাশ করা
ঘ ভয় কমে যাওয়া — গ

৯. বয়ঃসন্ধিকাল একটি স্বাভাবিক শারীরিক প্রক্রিয়া। কারণ এটি— (প্রয়োগ)
ক কেবল অসুস্থ মানুষের হয়
খ নির্দিষ্ট বয়সে সবার জীবনেই আসে
গ ঔষধ খেলে ভালো হয়ে যায়
ঘ কেবল রাতে ঘটে থাকে — খ

১০. জীবনের কোন পর্যায়ে ছেলেমেয়েদের মধ্যে কৌতূহল, আবেগ প্রবণতা, অস্থিরতা দেখা দেয়? (অনুধাবন)
ক শৈশবকালে খ বয়ঃসন্ধিকালে
গ যৌবনকালে ঘ বাল্যকালে — খ

১১. বয়ঃসন্ধিকালে ছেলেদের গলার স্বর কেমন হয়? (জ্ঞান)
ক রুক্ষ ও ভারী খ চিকন ও ভারী
গ মোটা ও ভারী ঘ অপরিবর্তিত — গ

১২. বয়ঃসন্ধিকালে ছেলে ও মেয়ে উভয়ের মুখেই কোনটি দেখা দিতে পারে? (জ্ঞান)
ক ব্রণ খ মেছতা গ তিল ঘ আঁচিল — ক

১৩. মেয়েদের শরীর ভারী হতে শুরু করে কোন সময়ে? (জ্ঞান)
ক বাল্যকালে খ যৌবনকালে
গ বয়ঃসন্ধিকালে ঘ শৈশবকালে — গ

১৪. মানব জীবনে একটি সংবেদনশীল পর্যায় হলো– (জ্ঞান)
ক বয়ঃসন্ধিকাল খ শৈশবকাল
গ বাল্যকাল ঘ যৌবনকাল — ক

১৫. বয়ঃসন্ধিকালে কিশোর-কিশোরীদের মধ্যে কোনটির প্রভাব বেশি দেখা যায়? (অনুধাবন)
ক স্থিরতা খ আবেগপ্রবণতা
গ নির্লিপ্ততা ঘ ধৈর্যশীলতা — খ

১৬. শিশুদের হাড় ও দাঁত মজবুত রাখতে এবং সঠিক বৃদ্ধির জন্য কোন ধরনের খাবার বেশি প্রয়োজন? (অনুধাবন)
ক আমিষ ও দুগ্ধজাত খাদ্য
খ শর্করা জাতীয় খাদ্য
গ জাঙ্ক ফুড
ঘ কোমল পানীয় — ক

১৭. রোগমুক্ত থাকার জন্য কী বর্জন করা উচিত? (জ্ঞান)
ক পর্যাপ্ত পানি খ বাইরের তৈরি খাবার
গ মিষ্টি জাতীয় খাবার ঘ খেলাধুলা — খ

১৮. স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রধান শর্ত কী? (জ্ঞান)
ক বেশি করে ঘুমানো খ দামী খাবার খাওয়া
গ পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা ঘ সবসময় ঘরে থাকা — গ

১৯. মানসিক স্বাস্থ্যের যত্ন নেওয়ার উপায় কোনটি? (জ্ঞান)
ক বেশি করে খাওয়া খ নিজের কাজ নিজে করা
গ দেরিতে ঘুমানো ঘ খেলাধুলা না করা — খ

২০. নিয়মিত শরীরচর্চা ও খেলাধুলা করলে শারীরিক সুস্থতার পাশাপাশি আর কী উপকার হয়? (অনুধাবন)
ক মন ভালো থাকে
খ পড়াশোনার আগ্রহ কমে যায়
গ ক্ষুধা কমে যায়
ঘ ঘুম বেড়ে যায় — ক

২১. স্বাস্থ্য রক্ষার জন্য প্রতিদিন পর্যাপ্ত পরিমাণে কী পান করা প্রয়োজন? (জ্ঞান)
ক নিরাপদ পানি খ কোমল পানীয়
গ ফলের রস ঘ চা বা কফি — ক

২২. বয়ঃসন্ধিকালে নিয়মিত কোন ধরনের খাবার খেতে হয়? (জ্ঞান)
ক প্রোটিন সমৃদ্ধ খ পানি
গ জাঙ্ক ফুড ঘ ফলের রস — ক

প্রাথমিক বিজ্ঞান

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



২৩. কোন ধরনের খাবার বয়ঃসন্ধিকালে বর্জন করা উচিত? (জ্ঞান)
ক ফলমূল খ জাঙ্ক ফুড
গ শাকসবজি ঘ দুধ ও ডিম **খ**

২৪. অতিরিক্ত জাঙ্ক ফুড খেলে কোন ধরনের স্বাস্থ্যঝুঁকি বাড়ে? (অনুধাবন)
ক শরীর স্থূলকায় হয়ে যাওয়া
খ শরীর শুকিয়ে যাওয়া
গ উচ্চতা কমে যাওয়া
ঘ স্মৃতিশক্তি কমে যাওয়া **ক**

২৫. বয়ঃসন্ধিকালে 'জাঙ্ক ফুড' বর্জন করা উচিত। কারণ এসব খাবার— (প্রয়োগ)
ক ওজন কমায় খ হাড় দুর্বল করে
গ হৃদরোগের ঝুঁকি বাড়ায় ঘ শক্তি হ্রাস করে **গ**

২৬. জাঙ্ক ফুডে কোন উপাদানগুলো বেশি থাকে? (জ্ঞান)
ক খনিজ, ভিটামিন খ চর্বি, চিনি
গ পানি, শর্করা ঘ প্রোটিন, ফাইবার **খ**

২৭. কোন পানির অপর নাম জীবন? (জ্ঞান)
ক পুকুরের পানি খ খালের পানি
গ নদীর পানি ঘ নিরাপদ পানি **ঘ**

২৮. প্রতিদিনের পরিষ্কার-পরিচ্ছন্নতার অংশ হিসেবে কোনটি করা উচিত? (জ্ঞান)
ক প্রতিদিন গোসল করা
খ একদিন পর পর গোসল করা
গ সপ্তাহে একবার দাঁত ব্রাশ করা
ঘ গোসল না করা **ক**

২৯. প্রতিদিন নিয়মিত কমপক্ষে কত ঘণ্টা ঘুমাতে হয়? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: চাঁদপুর সদর]*
ক ৮ ঘণ্টা খ ৭ ঘণ্টা গ ৬ ঘণ্টা ঘ ৯ ঘণ্টা **ক**

৩০. বয়ঃসন্ধিকালে শরীরের বৃদ্ধি ও বিকাশের জন্য কোনটি খুবই প্রয়োজন? (অনুধাবন)
ক পর্যাপ্ত ঘুম খ পর্যাপ্ত পানি পান
গ দৌড়ানো ঘ সাঁতার কাটা **ক**

৩১. বয়ঃসন্ধিকালে মন বা মানসিক স্বাস্থ্যের যত্ন নেওয়ার জন্য কোনটি প্রয়োজন? (জ্ঞান)
ক নিয়মিত শরীরচর্চা ও খেলাধুলা
খ সারাদিন টিভি দেখা
গ কম্পিউটারে গেইম খেলা
ঘ বন্ধুদের সাথে না মেশা **ক**

৩২. নিজের বিছানা ও পড়ার টেবিল পরিষ্কার রাখলে কী হয়? (অনুধাবন)
ক শরীর ও মন উভয়ই ভালো থাকে
খ শরীরের শক্তি কমে যায়
গ পড়াশোনার চাপ বাড়ে
ঘ সময়ের অপচয় হয় **ক**

৩৩. বয়ঃসন্ধিকালীন পরিবর্তনগুলোকে কীভাবে গ্রহণ করা উচিত? (জ্ঞান)
ক ভয় ও লজ্জা পেয়ে খ স্বাভাবিকভাবে
গ দুশ্চিন্তার সাথে ঘ গোপন করে **খ**

৩৪. মানসিক স্বাস্থ্যের যত্ন নেওয়ার উপায় কোনটি? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ময়মনসিংহ সদর]*
ক বেশি করে খাওয়া খ নিজের কাজ নিজে করা
গ দেরিতে ঘুমানো ঘ খেলাধুলা না করা **খ**

৩৫. তোমার বন্ধু বয়ঃসন্ধিকালের বিভিন্ন সমস্যা নিয়ে বিভ্রান্ত ও দ্বিধাগ্রস্ত। এক্ষেত্রে তুমি তাকে সঠিক তথ্যের জন্য নিচের কোন স্থানে যাওয়ার পরামর্শ দিবে? (প্রয়োগ)
ক ঐতিহাসিক নিদর্শন কেন্দ্র
খ সিনেমা হল
গ স্বাস্থ্যকেন্দ্র
ঘ খেলার মাঠ **গ**

৩৬. বয়ঃসন্ধিকালে সৃজনশীল কাজে অংশ নিলে কী সুবিধা হয়? (অনুধাবন)
ক বন্ধুদের সংখ্যা কমে যায়
খ পড়াশোনার ক্ষতি হয়
গ শরীর ও মন ভালো থাকে
ঘ পরিবারের সাথে দূরত্ব বাড়ে **গ**

৩৭. বয়ঃসন্ধিকালে সুস্থ, সুন্দর ও স্বাভাবিক জীবন গঠনের জন্য কী করা প্রয়োজন? (অনুধাবন)
ক পরিবর্তনগুলো নিয়ে দুশ্চিন্তা করা
খ পরিবারের সদস্যদের সাথে আলোচনা করা
গ কারো সাথে না মেশা
ঘ পড়াশোনা বন্ধ করে দেওয়া **খ**

৩৮. সাহেদের বয়স ১০ বছর। সে শারীরিক বা মানসিক কোনো সমস্যায় পড়লে তার কী করা উচিত? (উচ্চতর দক্ষতা)
ক বিষয়টি সবার থেকে গোপন রাখা
খ বন্ধুদের সাথে মারামারি করা
গ পরিবারের সদস্যদের সাথে আলোচনা করা
ঘ ইন্টারনেট থেকে তথ্য নেওয়া **গ**

৩৯. একটি স্বাস্থ্য চেকলিস্ট তৈরি করার উদ্দেশ্য কী? (প্রয়োগ)
ক নিজের স্বাস্থ্যকর অভ্যাসের দিকে লক্ষ রাখা
খ অন্যকে নিজের জীবনযাত্রা দেখানো
গ ডাক্তারকে রিপোর্ট জমা দেওয়া
ঘ স্কুলে ভালো নম্বর পাওয়া **ক**

৪০. তুমি বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্যসম্মত জীবনযাপন ঠিকভাবে করছ কি না তা প্রতিদিন পর্যবেক্ষণ করতে নিচের কোনটির সাহায্য নিবে? (প্রয়োগ)
ক স্বাস্থ্যকার্ড খ ক্যালকুলেটর
গ স্টপওয়াচ ঘ চেকলিস্ট **ঘ**

## পঞ্চম অধ্যায় পদার্থের গঠন

১. সকল বস্তু কী দিয়ে তৈরি? (জ্ঞান)
ক পরমাণু খ অণু গ পানি ঘ বায়ু **খ**

২. পদার্থের ক্ষুদ্রতম কণাকে কী বলা হয়? (জ্ঞান)
ক পরমাণু খ অণু গ মৌল ঘ যৌগ **খ**

৩. অণুকে ভাঙলে কী পাওয়া যায়? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, নেত্রকোণা]*
ক পরমাণু খ মৌল গ যৌগ ঘ মিশ্রণ **ক**

৪. পদার্থের চেয়েও ছোট অংশকে কী বলে? (জ্ঞান)
ক অণু খ পরমাণু গ মৌল ঘ যৌগ **ক**

৫. যেকোন পদার্থের গাঠনিক একক হলো– (জ্ঞান)
ক অণু খ মৌল গ যৌগ ঘ পরমাণু **ঘ**

৬. গ্রিক 'atomos' শব্দের অর্থ কী? (জ্ঞান)
ক বিভাজ্য খ ক্ষুদ্রতম গ অবিভাজ্য ঘ দৃশ্যমান **গ**

৭. পরমাণু সম্পর্কে কোনটি সঠিক? (অনুধাবন)
ক খালি চোখে দেখা যায় খ খালি চোখে দেখা যায় না
গ সহজে ভাঙা যায় ঘ একাধিক কণা দিয়ে গঠিত **খ**

৮. মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণার নাম কী? (জ্ঞান)
ক মিশ্রণ খ অণু গ যৌগ ঘ পরমাণু **ঘ**

৯. যে পদার্থের অণুতে একই ধরনের পরমাণু থাকে তাকে কী বলে? (জ্ঞান)
ক মৌলিক পদার্থ খ যৌগিক পদার্থ
গ মিশ্র পদার্থ ঘ তরল পদার্থ **ক**

১০. এক বা একাধিক পরমাণু মিলে তৈরি হয় কী? (জ্ঞান)
ক পরমাণু খ মৌল গ অণু ঘ যৌগ **গ**

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



১১. সোডিয়াম কী ধরনের পদার্থ? (প্রয়োগ)
ক মৌলিক খ যৌগিক গ মিশ্র ঘ তরল — ক

১২. অক্সিজেনের অণুতে কয়টি অক্সিজেন পরমাণু থাকে? (জ্ঞান)
ক একটি খ দুইটি গ তিনটি ঘ চারটি — খ

১৩. যে পদার্থের অণুতে একাধিক রকমের পরমাণু থাকে তাকে কী বলে? (জ্ঞান)
ক মৌলিক পদার্থ খ গ্যাসীয় পদার্থ
গ মিশ্র পদার্থ ঘ যৌগিক পদার্থ — ঘ

১৪. পানি একটি যৌগিক পদার্থ। কারণ পানি— (অনুধাবন)
ক কেবল অক্সিজেন পরমাণু দিয়ে গঠিত
খ অক্সিজেন ও হাইড্রোজেন পরমাণু দিয়ে গঠিত
গ কেবল হাইড্রোজেন পরমাণু দিয়ে গঠিত
ঘ তরল অবস্থায় থাকে — খ

১৫. পানি কী ধরনের পদার্থ? (জ্ঞান)
ক মৌলিক পদার্থ খ যৌগিক পদার্থ
গ মিশ্র পদার্থ ঘ গ্যাসীয় পদার্থ — খ

১৬. পানির একটি অণুতে কোন কোন ধরনের পরমাণু থাকে? (জ্ঞান)
ক অক্সিজেন ও কার্বন
খ হাইড্রোজেন ও অক্সিজেন
গ হাইড্রোজেন ও ক্লোরিন
ঘ নাইট্রোজেন ও অক্সিজেন — খ

১৭. পানির অণুতে হাইড্রোজেন পরমাণু কয়টি থাকে? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: শেরপুর সদর; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ৮৮ নং মানিকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়]*
ক ১টি খ ২টি গ ৩টি ঘ ৪টি — খ

১৮. লোহা বা আয়রন কোন ধরনের পদার্থ? (জ্ঞান)
ক মৌলিক পদার্থ খ যৌগিক পদার্থ
গ মিশ্র পদার্থ ঘ বায়বীয় পদার্থ — ক

১৯. হাইড্রোজেন গ্যাসের একটি অণুতে কয়টি হাইড্রোজেন পরমাণু থাকে? (জ্ঞান)
ক একটি খ চারটি গ তিনটি ঘ দুইটি — ঘ

২০. নাইট্রোজেন গ্যাসের একটি অণুতে কয়টি নাইট্রোজেন পরমাণু থাকে? (জ্ঞান)
ক একটি খ দুইটি গ তিনটি ঘ চারটি — খ

২১. অক্সিজেন গ্যাসের অণুতে কয়টি অক্সিজেন পরমাণু থাকে? (জ্ঞান)
ক একটি খ দুইটি গ তিনটি ঘ চারটি — খ

২২. নাইট্রোজেন পরমাণুর হাত কয়টি? (জ্ঞান)
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ চারটি — গ

২৩. অক্সিজেন পরমাণুর হাত কয়টি? (জ্ঞান)
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ চারটি — খ

২৪. পদার্থের ভৌত অবস্থা কয়টি? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: ময়মনসিংহ পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়]*
ক ৪ খ ৫ গ ৩ ঘ ২ — গ

২৫. পানির কঠিন অবস্থা কোনটি? (জ্ঞান) *[প্রথম প্রান্তিক মূল্যায়ন ২৬: শেরপুর সদর]*
ক পানি খ বরফ
গ জলীয় বাষ্প ঘ শিশির — খ

২৬. পদার্থের অত্যন্ত ক্ষুদ্র কণা যা খালি চোখে দেখা যায় না, তা স্পষ্টভাবে পর্যবেক্ষণের জন্য তুমি কোন যন্ত্রের সাহায্য নিবে? (প্রয়োগ)
ক দূরবীক্ষণ যন্ত্র খ অণুবীক্ষণ যন্ত্র
গ থার্মোমিটার ঘ ব্যারোমিটার — খ

২৭. কঠিন পদার্থের অণুগুলো কীভাবে সাজানো থাকে? (জ্ঞান)
ক সুনির্দিষ্ট বিন্যাসে ও শক্তভাবে
খ এলোমেলোভাবে ও হালকাভাবে
গ কাছাকাছি কিন্তু এলোমেলো
ঘ খুব দূরে দূরে ও স্বাধীনভাবে — ক

২৮. কঠিন পদার্থের নির্দিষ্ট আকার ও আয়তন থাকে কেন? (অনুধাবন)
ক অণুগুলো স্বাধীনভাবে চলে
খ অণুগুলোর মধ্যে আন্তঃআণবিক বল কম
গ অণুগুলোর মধ্যে আন্তঃআণবিক বল বেশি
ঘ অণুগুলো দূরে দূরে থাকে — গ

২৯. তরল পদার্থের অণুগুলোর আন্তঃআণবিক বল কেমন? (জ্ঞান)
ক বেশি খ খুব শক্তিশালী
গ কম ঘ খুব দুর্বল — গ

৩০. তরল পদার্থকে এক পাত্র থেকে অন্য পাত্রে ঢালা যায় কেন? (অনুধাবন)
ক তরল পদার্থের অণু খুব দূরে থাকে
খ তরল পদার্থের নির্দিষ্ট আকার আছে
গ তরল পদার্থের অণুগুলো স্থির থাকে
ঘ তরল পদার্থের অণুগুলো নড়াচড়া করতে পারে — ঘ

৩১. বায়বীয় পদার্থের নির্দিষ্ট আকার বা আয়তন নেই কেন? (অনুধাবন)
ক অণুগুলো মুক্ত খ অণুগুলো স্থির
গ অণু খুব কাছাকাছি থাকে ঘ আকর্ষণ বল খুব বেশি — ক

৩২. বায়বীয় পদার্থের অণুগুলো কিভাবে চলে? (জ্ঞান)
ক ধীরে খ দ্রুতগতিতে
গ প্রবাহিত হয়ে ঘ গড়িয়ে — খ

৩৩. পদার্থের ভৌত অবস্থা পরিবর্তনের সঠিক প্রবাহচিত্র কোনটি? (অনুধাবন)
ক বায়বীয় → কঠিন → তরল
খ তরল → কঠিন → বায়বীয়
গ কঠিন → তরল → বায়বীয়
ঘ কঠিন → বায়বীয় → তরল — গ

৩৪. মিশ্রণে উপাদানগুলো কীভাবে থাকে? (অনুধাবন)
ক নিজ নিজ বৈশিষ্ট্য বজায় রাখে
খ নতুন পদার্থ তৈরি করে
গ বৈশিষ্ট্য হারিয়ে ফেলে
ঘ রাসায়নিকভাবে যুক্ত হয় — ক

৩৫. তোমার বন্ধু বালু ও লোহার গুঁড়া একটি মিশ্রণ থেকে লোহা আলাদা করতে চায়। এক্ষেত্রে তুমি তাকে কী ব্যবহার করার পরামর্শ দিবে? (উচ্চতর দক্ষতা)
ক ছাঁকনি খ পানি গ চৌম্বক ঘ হাতুড়ি — গ

৩৬. যে মিশ্রণে উপাদানগুলো সুষমভাবে বণ্টিত থাকে, তাকে কী বলে? (জ্ঞান)
ক সমসত্ত্ব মিশ্রণ খ অসমসত্ত্ব মিশ্রণ
গ যৌগিক পদার্থ ঘ মৌলিক পদার্থ — ক

৩৭. চিনির শরবত কোন ধরনের মিশ্রণ? (জ্ঞান)
ক মৌলিক খ অসমসত্ত্ব
গ যৌগিক ঘ সমসত্ত্ব — ঘ

৩৮. বালু ও লোহার গুঁড়া কী ধরনের মিশ্রণ? (জ্ঞান)
ক সমসত্ত্ব খ অসমসত্ত্ব
গ বিশুদ্ধ পদার্থ ঘ তরল — খ

৩৯. যে মিশ্রণে উপাদানগুলো সুষমভাবে বণ্টিত থাকে না, তাকে কী বলে? (জ্ঞান)
ক সমসত্ত্ব মিশ্রণ খ অসমসত্ত্ব মিশ্রণ
গ যৌগিক পদার্থ ঘ মৌলিক পদার্থ — খ



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৪০. চিনির শরবত থেকে চিনি আলাদা করার জন্য কোন প্রক্রিয়া ব্যবহার করা হয়? (জ্ঞান)
ক) ছাঁকন খ) চুম্বকীয় পৃথকীকরণ
গ) ঘনীভবন ঘ) বাষ্পীকরণ **ঘ**

৪১. শরবত থেকে চিনি পৃথক করার জন্য কোনটি ব্যবহার করবে? (জ্ঞান) *[উত্তম প্রান্তিক মূল্যায়ন ২৬: চাঁদপুর সদর]*
ক) বাতাস খ) চৌম্বক গ) ছাঁকনি ঘ) তাপ **ঘ**

৪২. মাটি দূষণ হলে মাটির কী হয়? (অনুধাবন)
ক) উর্বরতা হারায় খ) পানি ধারণ ক্ষমতা হারায়
গ) উর্বরতা বাড়ে ঘ) জৈব পদার্থ বাড়ে **ক**

৪৩. মাটি দূষণ হলে ফসলের উৎপাদন– (জ্ঞান)
ক) বাড়ে খ) কমে
গ) অপরিবর্তিত থাকে ঘ) খুব কমে **খ**

৪৪. পরিবেশ দূষণমুক্ত রাখতে আমাদের কী করা উচিত? (অনুধাবন)
ক) বস্তুর পুনর্ব্যবহার ও পুনঃপ্রক্রিয়া করা
খ) আবর্জনা যত্রতত্র ফেলা
গ) পানির অপচয় করা
ঘ) বেশি বেশি প্লাস্টিক ব্যবহার করা **ক**

৪৫. পরিবেশ সংরক্ষণের সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ কোনটি? (জ্ঞান)
ক) নতুন জিনিস কেন
খ) মিতব্যয়ী হওয়া
গ) আবর্জনা পুড়িয়ে ফেলা
ঘ) ব্যবহৃত জিনিস ফেলে দেওয়া **খ**

৪৬. ব্যবহৃত জিনিস ফেলে না দিয়ে আবার ব্যবহার করাকে কী বলে? (জ্ঞান)
ক) ব্যবহার কমানো খ) বর্জন
গ) পুনঃপ্রক্রিয়া ঘ) পুনর্ব্যবহার **ঘ**

৪৭. পানির খালি বোতল ফেলে না দিয়ে তাতে গাছ লাগানো কীসের উদাহরণ? (প্রয়োগ)
ক) ব্যবহার কমানো খ) পুনর্ব্যবহার
গ) পুনঃপ্রক্রিয়া ঘ) কম্পোস্টিং **খ**

৪৮. পুরোনো পদার্থ থেকে নতুন জিনিস তৈরির প্রক্রিয়াকে কী বলে? (জ্ঞান)
ক) ব্যবহার কমানো খ) পুনর্ব্যবহার
গ) পুনঃপ্রক্রিয়া ঘ) মেরামত **গ**

৪৯. পচনশীল আবর্জনা (জীববস্তু) দিয়ে কী তৈরি করা যায়? (জ্ঞান)
ক) প্লাস্টিক খ) কাচ
গ) কাগজ ঘ) জৈব সার **ঘ**

৫০. একজন কৃষক তার রান্নাঘরের সবজির খোসা গর্তে পুঁতে রাখেন। এর ফলে কী তৈরি হবে? (প্রয়োগ)
ক) কীটনাশক খ) জৈব সার
গ) রাসায়নিক সার ঘ) আবর্জনা **খ**

## ষষ্ঠ অধ্যায় — শক্তির রূপান্তর

১. কাজ করার সামর্থ্যকে কী বলে? (জ্ঞান)
ক) ক্ষমতা খ) শক্তি গ) কাজ ঘ) রূপান্তর **খ**

২. কোনটি ছাড়া বস্তু কাজ সম্পাদন করতে পারে না? (জ্ঞান)
ক) কাজ খ) শক্তি গ) ক্ষমতা ঘ) বল **খ**

৩. শক্তির এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তিত হওয়াকে কী বলে? (জ্ঞান)
ক) শক্তির উৎস খ) শক্তির রূপান্তর
গ) শক্তির সঞ্চালন ঘ) শক্তির সংরক্ষণ **খ**

৪. কী এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তিত হয়? (জ্ঞান)
ক) কাজ খ) ক্ষমতা গ) শক্তি ঘ) বল **গ**

৫. আমাদের শক্তির প্রধান উৎস কী? (জ্ঞান)
ক) সূর্য খ) বিদ্যুৎ
গ) তাপ ঘ) রাসায়নিক পদার্থ **ক**

৬. সূর্য থেকে পাওয়া শক্তিকে কী বলা হয়? (জ্ঞান)
ক) বিদ্যুৎশক্তি খ) সৌরশক্তি
গ) তাপশক্তি ঘ) আলোকশক্তি **খ**

৭. বৈদ্যুতিক ইস্ত্রিতে কোন শক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়? (জ্ঞান)
ক) রাসায়নিক শক্তি → তাপশক্তি
খ) তাপশক্তি → বৈদ্যুতিক শক্তি
গ) আলোকশক্তি → তাপশক্তি
ঘ) বৈদ্যুতিক শক্তি → তাপশক্তি **ঘ**

৮. কোন বস্তুর স্থিতিশক্তি ও গতিশক্তির যোগফলকে কী বলে? (জ্ঞান)
ক) তাপশক্তি খ) যান্ত্রিক শক্তি
গ) বিদ্যুৎশক্তি ঘ) শব্দশক্তি **খ**

৯. ব্যাটারিতে কোন শক্তি জমা থাকে? (জ্ঞান)
ক) তাপশক্তি খ) বৈদ্যুতিক শক্তি
গ) রাসায়নিক শক্তি ঘ) আলোকশক্তি **গ**

১০. বৈদ্যুতিক বাতিতে প্রধানত কোন শক্তির রূপান্তর ঘটে? (জ্ঞান)
ক) বিদ্যুৎ → আলোক ও তাপ
খ) বিদ্যুৎ → বিদ্যুৎ ও তাপ
গ) আলোক → বিদ্যুৎ ও তাপ
ঘ) তাপ → বিদ্যুৎ ও আলোক **ক**

১১. সোলার প্যানেলে শক্তির কোন রূপান্তরটি হয়? (জ্ঞান)
ক) বিদ্যুৎ → সৌর খ) তাপ → সৌর
গ) সৌর → তাপ ঘ) সৌর → বিদ্যুৎ **ঘ**

১২. তোমার এক বন্ধু বিদ্যুৎ খরচ না করে সূর্যের আলো ব্যবহার করে বাড়ির বাতি ও ফ্যান চালাতে চায়। এক্ষেত্রে তুমি তাকে বাড়ির ছাদে কোনটি স্থাপনের পরামর্শ দিবে? (উচ্চতর দক্ষতা)
ক) বৈদ্যুতিক ইস্ত্রি খ) টেলিভিশন
গ) সোলার প্যানেল ঘ) জেনারেটর **গ**

১৩. চুলায় প্রাকৃতিক গ্যাস পুড়িয়ে রান্না করার সময় কোন শক্তির রূপান্তর ঘটে? (জ্ঞান)
ক) রাসায়নিক → তাপ ও আলোক
খ) বিদ্যুৎ → রাসায়নিক ও আলোক
গ) বিদ্যু → তাপ ও আলোক
ঘ) আলোক → তাপ ও রাসায়নিক **ক**

১৪. টেলিভিশনে কোন শক্তির রূপান্তর ঘটে? (জ্ঞান)
ক) বিদ্যুৎ → আলোক ও শব্দ
খ) বিদ্যুৎ → তাপ ও শব্দ
গ) শব্দ → বিদ্যুৎ ও আলোক
ঘ) আলোক → বিদ্যুৎ ও শব্দ **ক**

১৫. ব্যাটারির সাহায্যে টর্চলাইট জ্বালালে শক্তির কোন রূপান্তরটি ঘটে? (জ্ঞান)
ক) রাসায়নিক → বিদ্যুৎ → আলোক
খ) বিদ্যুৎ → রাসায়নিক → আলোক
গ) আলোক → বিদ্যুৎ → রাসায়নিক
ঘ) রাসায়নিক → তাপ → আলোক **ক**

১৬. তাপের একস্থান থেকে অন্য স্থানে যাওয়ার প্রক্রিয়াকে কী বলে? (জ্ঞান)
ক) শক্তির রূপান্তর খ) শক্তির প্রবাহ
গ) তাপ সঞ্চালন ঘ) তাপের শোষণ **গ**

১৭. তাপ একস্থান থেকে অন্যস্থানে যেতে কী প্রয়োজন হয়? (জ্ঞান)
ক) শক্তি খ) মাধ্যম গ) ক্ষমতা ঘ) বল **খ**



Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



১৮. কঠিন পদার্থের মধ্য দিয়ে তাপ কোন পদ্ধতিতে সঞ্চালিত হয়? (জ্ঞান)
ক পরিবহণ খ পরিচলন
গ বিকিরণ ঘ শোষণ **ক**

১৯. তরল ও বায়বীয় পদার্থের মধ্য দিয়ে তাপ কোন পদ্ধতিতে সঞ্চালিত হয়? (জ্ঞান)
ক পরিবহণ খ পরিচলন
গ বিকিরণ ঘ বিক্ষেপণ **খ**

২০. পানিতে তাপ দিলে নিচের পানি উপরে উঠে আসে কোন পদ্ধতিতে? (জ্ঞান)
ক পরিবহণ খ প্রতিসরণ
গ বিকিরণ ঘ পরিচলন **ঘ**

২১. পানির তাপমাত্রা কতটুকু বাড়ল তা নিখুঁতভাবে মাপার জন্য তুমি নিচের কোন যন্ত্রটি ব্যবহার করবে? (প্রয়োগ)
ক অণুবীক্ষণ যন্ত্র খ থার্মোমিটার
গ দূরবীক্ষণ যন্ত্র ঘ ব্যারোমিটার **খ**

২২. পাত্রে পানি গরম করলে পানির কি ধরনের গতিপথ সৃষ্টি হয়? (অনুধাবন)
ক সরলরৈখিক খ উপবৃত্তাকার
গ বৃত্তাকার ঘ বক্রাকার **গ**

২৩. কোনো মাধ্যম ছাড়াই তাপ সঞ্চালনের পদ্ধতিকে কী বলে? (জ্ঞান)
ক পরিবহণ খ পরিচলন
গ বিকিরণ ঘ প্রতিসরণ **গ**

২৪. সূর্য থেকে পৃথিবীতে তাপ আসে কোন পদ্ধতিতে? (জ্ঞান)
ক পরিবহণ খ পরিচলন
গ বিকিরণ ঘ শোষণ **গ**

২৫. রোদে ভেজা কাপড় সূর্যের তাপ পায় কোন প্রক্রিয়ায়? (জ্ঞান)
ক বিকিরণ খ ঘনীভবন
গ পরিবহণ ঘ পরিচলন **ক**

২৬. কিসের একটি রূপ আলো? (জ্ঞান)
ক ক্ষমতার খ বলের
গ শক্তির ঘ কাজের **গ**

২৭. রোদে ধান শুকানো হয় কোন পদ্ধতিতে তাপ ব্যবহার করে? (জ্ঞান)
ক পরিবহণ খ পরিচলন
গ বিকিরণ ঘ প্রতিসরণ **গ**

২৮. কোনো বস্তুর পেছনে ছায়া পড়ার কারণ কী? (উচ্চতর দক্ষতা)
ক আলো চলার পথে বাধা পায় বলে
খ আলো বাঁকা পথে চলে
গ আলো বস্তুটিকে ভেদ করে চলে যায়
ঘ বস্তুটি আলো শোষণ করে **ক**

২৯. শক্তির অপচয় করলে ভবিষ্যতে কী হতে পারে? (অনুধাবন)
ক শক্তির পরিমাণ বেড়ে যাবে
খ শক্তির সংকট তৈরি হতে পারে
গ শক্তির দাম কমে যাবে
ঘ শক্তির প্রয়োজন হবে না **খ**

৩০. শক্তির যথাযথ ব্যবহার বলতে কী বোঝায়? (অনুধাবন)
ক শক্তির অপচয় রোধ খ শক্তি ব্যবহার না করা
গ শক্তি বেশি করে ব্যবহার করা
ঘ শক্তি জমিয়ে রাখা **ক**

৩১. মোমবাতির সামনে রাখা ছিদ্রযুক্ত তিনটি কার্ডের একটি ডানে বা বামে সরিয়ে নিলে আলো দেখা যায় না। এর কারণ আলো— (উচ্চতর দক্ষতা)
ক সবসময় বাঁকা পথে চলে
খ সবসময় সরলপথে চলে
গ মাধ্যম ছাড়া চলতে পারে না
ঘ কঠিন পদার্থের ভেতর দিয়ে চলে **খ**

৩২. প্রকৃতিতে মানুষের জন্য শক্তি প্রদানকারী অনবায়নযোগ্য সম্পদের পরিমাণ কেমন? (জ্ঞান)
ক সীমিত খ অসীম
গ পরিবর্তনশীল ঘ অজানা **ক**

৩৩. শক্তির পুনর্ব্যবহার মানে কী? (জ্ঞান)
ক শক্তি নষ্ট করা
খ নতুন শক্তি তৈরি করা
গ শক্তিকে বারবার কাজে লাগানো
ঘ শক্তি সঞ্চয় করা **গ**

৩৪. কারখানার গরম ধোঁয়া ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করা হলে কী হয়? (অনুধাবন)
ক বিদ্যুৎ খরচ বেড়ে যায়
খ শক্তির অপচয় হয় ও দূষণ বাড়ে
গ শক্তি সঞ্চয় হয়
ঘ শক্তির পুনর্ব্যবহার হয় ও দূষণ কমে **ঘ**

৩৫. সৌরশক্তি ব্যবহার করে ব্যাটারি চার্জ দেওয়া কোন ধরনের শক্তির ব্যবহার? (প্রয়োগ)
ক নবায়নযোগ্য শক্তির ব্যবহার
খ অনবায়নযোগ্য শক্তির ব্যবহার
গ রাসায়নিক শক্তির ব্যবহার
ঘ যান্ত্রিক শক্তির ব্যবহার **ক**

৩৬. শক্তির পুনর্ব্যবহার করলে কী হয়? (অনুধাবন)
ক শক্তির সংরক্ষণ হয় খ শক্তির অপচয় ঘটে
গ বিদ্যুৎ খরচ বাড়ে ঘ দূষণ ঘটে **ক**

## সপ্তম অধ্যায় বলের ধারণা

১. বল প্রয়োগের দুটি প্রধান মাধ্যম কী? (জ্ঞান)
ক টান ও ঠেলা খ ওঠা ও নামা
গ খোলা ও বন্ধ করা ঘ সরানো ও থামানো **ক**

২. দরজা খোলা ও বন্ধ করার সময় আমরা কী প্রয়োগ করি? (জ্ঞান)
ক শক্তি খ বল গ কাজ ঘ ক্ষমতা **খ**

৩. নিচের কোন প্রবাহচিত্রটি বলের মাত্রার সঠিক প্রভাব নির্দেশ করে? (উচ্চতর দক্ষতা)
ক বলের মাত্রা বৃদ্ধি→ বস্তুর গতি হ্রাস→ কম দূরত্ব
খ বলের মাত্রা বৃদ্ধি→বস্তুর গতি বৃদ্ধি→ অধিক দূরত্ব
গ বলের মাত্রা হ্রাস→ বস্তুর গতি বৃদ্ধি→ অধিক দূরত্ব
ঘ বলের মাত্রা বৃদ্ধি→ বস্তুর গতি স্থির→ কম দূরত্ব **খ**

৪. বল প্রয়োগ করে বস্তুর কী পরিবর্তন করা যায়? (জ্ঞান)
ক আকৃতি খ রঙ গ ওজন ঘ উপাদান **ক**

৫. কিসের মাত্রা বাড়ালে বস্তু দ্রুত ও বেশি দূরে যায়? (জ্ঞান)
ক দ্রুতি খ শক্তি গ বল ঘ কাজ **গ**

৬. সাইকেলের প্যাডেলে বেশি বল প্রয়োগ করলে কী ঘটবে? (প্রয়োগ)
ক সাইকেল উল্টে যাবে খ সাইকেল থেমে যাবে
গ সাইকেলের গতি কমবে ঘ সাইকেলের গতি বাড়বে **ঘ**

৭. বল প্রয়োগের শক্তি বা জোরকে কী বলা হয়? (জ্ঞান)
ক বলের মাত্রা খ বলের দিক
গ বলের কারণ ঘ বলের প্রভাব **ক**

৮. বলের কার্যকারিতা কীসের উপর নির্ভর করে? (অনুধাবন)
ক বলের দিকের ওপর খ বলের পরিমাণের ওপর
গ বস্তুর ওজনের ওপর ঘ সময়ের ওপর **খ**

৯. মেঝের ওপর দিয়ে একটি ফুটবল গড়িয়ে দিলে তা কিছুক্ষণ পর নিজে নিজেই থেমে যায়। এর কারণ— (অনুধাবন)
ক ফুটবলটি অনেক ভারি খ ঘর্ষণ বলের জন্য
গ ফুটবলটি অনেক হালকা ঘ মাধ্যাকর্ষণ বলের জন্য **গ**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



১০. ঘর্ষণ এক প্রকার— (জ্ঞান)
ক শক্তি খ বল গ বেগ ঘ কাজ **খ**

১১. একটি বস্তুর গতি কমাতে বা থামাতে কোন বল কাজ করে? (জ্ঞান)
ক বিকর্ষণ বল খ আকর্ষণ বল
গ মহাকর্ষ বল ঘ ঘর্ষণ বল **ঘ**

১২. ঘর্ষণ বল কোন দিকে কাজ করে? (জ্ঞান)
ক গতির বিপরীত দিকে খ গতির দিকে
গ উপরের দিকে ঘ নিচের দিকে **ক**

১৩. কোন পৃষ্ঠে ঘর্ষণ বল কম হয়? (জ্ঞান)
ক খসখসে পৃষ্ঠে খ অমসৃণ পৃষ্ঠে
গ শুকনো পৃষ্ঠে ঘ মসৃণ পৃষ্ঠে **ঘ**

১৪. কোন পৃষ্ঠে ঘর্ষণ বল বেশি হয়? (জ্ঞান)
ক মসৃণ পৃষ্ঠে খ অমসৃণ পৃষ্ঠে
গ ভেজা পৃষ্ঠে ঘ তৈলাক্ত পৃষ্ঠে **খ**

১৫. দিয়াশলাইয়ের কাঠি জ্বালাতে কোন বল কাজ করে? (জ্ঞান)
ক আকর্ষণ বল খ ঘর্ষণ বল
গ মহাকর্ষ বল ঘ বিদ্যু বল **খ**

১৬. ঘর্ষণের ফলে যন্ত্রপাতির কী ক্ষতি হতে পারে? (অনুধাবন)
ক যন্ত্রাংশ ক্ষয় হয়ে যায় খ যন্ত্রের কার্যক্ষমতা বাড়ে
গ জ্বালানি কম লাগে ঘ যন্ত্র ঠান্ডা থাকে **ক**

১৭. যানবাহনের চাকায় খাঁজকাটা থাকার কারণ কোনটি বলে তুমি মনে করো? (উচ্চতর দক্ষতা)
ক ঘর্ষণ কমাতে খ ঘর্ষণ বাড়াতে
গ গাড়ির গতি বাড়াতে ঘ দেখতে সুন্দর লাগার জন্য **খ**

১৮. একটি গাড়ির টায়ারের খাঁজগুলো যদি মসৃণ হয়ে যায়, তবে কী অসুবিধা হবে? (প্রয়োগ)
ক ব্রেক করলে গাড়ি সহজে থামবে না
খ গাড়ি খুব দ্রুত চলবে
গ গাড়ির জ্বালানি কম লাগবে
ঘ গাড়ি খুব মসৃণভাবে চলবে **ক**

১৯. গাছ থেকে আপেল সবসময় মাটিতেই পড়ে। কারণ পৃথিবী— (অনুধাবন)
ক আপেলকে ধাক্কা দেয়
খ আপেলকে তার নিজের দিকে টানে
গ আপেলকে উপরের দিকে ঠেলে দেয়
ঘ আপেলকে বিকর্ষণ করে **খ**

২০. পৃথিবী সকল বস্তুকে তার নিজের দিকে টানে, এই টানকে কী বলে? (জ্ঞান)
ক মাধ্যাকর্ষণ বল খ ঘর্ষণ বল
গ বিদ্যুৎ বল ঘ চৌম্বক বল **ক**

২১. পৃথিবী সকল বস্তুকে নিজের দিকে টানে, একে কী বলে? (জ্ঞান)
ক বিদ্যুৎ বল খ ঘর্ষণ বল
গ পৃথিবীর আকর্ষণ বল ঘ চৌম্বক বল **গ**

২২. আমরা যখন সিঁড়ি বেয়ে উপরে উঠি তখন আমাদের অনেক বেশি কষ্ট হয়। কারণ তখন আমরা— (অনুধাবন)
ক পৃথিবীর আকর্ষণ বলের দিকে কাজ করে
খ পৃথিবীর আকর্ষণ বলের বিরুদ্ধে কাজ করি
গ কোনো বল প্রয়োগ করি না
ঘ ঘর্ষণ বলের সাহায্য পাই না **খ**

২৩. ছুরি, কাঁচি, কুড়াল এগুলো কীসের উদাহরণ? (জ্ঞান)
ক সরল যন্ত্র খ জটিল যন্ত্র
গ চৌম্বক যন্ত্র ঘ বৈদ্যুতিক যন্ত্র **ক**

২৪. হাতুড়ি দিয়ে পেরেক গাঁথার সময় হাতুড়ি কী হিসেবে কাজ করে? (প্রয়োগ)
ক স্ক্রু খ কপিকল গ লিভার ঘ হেলানো তল **গ**

২৫. টিউবওয়েলের হাতল কোন ধরনের সরল যন্ত্রের উদাহরণ? (জ্ঞান)
ক লিভার খ কপিকল
গ চাকা ও অক্ষ ঘ হেলানো তল **ক**

২৬. সরল যন্ত্র ব্যবহার করলে নিচের কোন সুবিধাটি পাওয়া যাবে? (উচ্চতর দক্ষতা)
ক কম শক্তি প্রয়োগে কাজ করা যায়
খ বেশি শক্তির প্রয়োজন হয়
গ শক্তি বৃদ্ধি পায়
ঘ কাজ বৃদ্ধি পায় **ক**

২৭. একটি নির্দিষ্ট ভিত্তিবিন্দুর সাহায্যে কম বল প্রয়োগ করে ভারী বস্তু তোলা যায় কোন যন্ত্রের মাধ্যমে? (জ্ঞান)
ক স্ক্রু খ কপিকল
গ চাকা ও অক্ষ ঘ লিভার **ঘ**

২৮. কম পরিশ্রমে বেশি কাজ করতে আমাদের কোনটি সাহায্য করে? (অনুধাবন)
ক জটিল যন্ত্র খ সরল যন্ত্র
গ কম্পিউটার ঘ বৈদ্যুতিক যন্ত্রপাতি **খ**

২৯. হেলানো সমতল বা ঢালু পথ ব্যবহার করলে কী সুবিধা? (জ্ঞান)
ক বস্তুর ওজন বেড়ে যায় খ ভারী বস্তু তোলা কঠিন হয়
গ বস্তু দ্রুত নিচে পড়ে যায় ঘ ভারী বস্তু তোলা সহজ হয় **ঘ**

৩০. তোমার বন্ধু একটি গুদামে ভারী মালের বস্তাগুলো অনায়াসে ওপরে তুলতে চায়। এক্ষেত্রে তুমি তাকে গুদামের প্রবেশপথে কী ব্যবহারের পরামর্শ দিবে? (উচ্চতর দক্ষতা)
ক কপিকল খ ইটের তৈরি সিঁড়ি
গ হেলানো সমতল ঘ কাঁচি **গ**

৩১. হুইলচেয়ারের র‍্যাম্প কোন ধরনের সরল যন্ত্র? (জ্ঞান)
ক হেলানো সমতল খ লিভার
গ কপিকল ঘ চাকা ও অক্ষ **ক**

৩২. পতাকা উত্তোলনের জন্য কোন সরল যন্ত্র ব্যবহার করা হয়? (জ্ঞান)
ক হেলানো তল খ লিভার
গ কপিকল ঘ চাকা ও অক্ষ **গ**

৩৩. তুমি একটি কুয়া থেকে খুব সহজে বালতি ভরে পানি তুলতে চাও। এক্ষেত্রে তুমি নিচের কোন সরল যন্ত্রটির সাহায্য নিবে? (উচ্চতর দক্ষতা)
ক লিভার খ কপিকল
গ স্ক্রু-ড্রাইভার ঘ হাতুড়ি **খ**

৩৪. লিভারের সাহায্যে কাজ করা সহজ হয় কেন? (অনুধাবন)
ক কম বল প্রয়োগে বেশি ভার তোলা যায়
খ বেশি বল প্রয়োগে বেশি ভার তোলা যায়
গ এটি মাধ্যাকর্ষণকে বাড়িয়ে দেয়
ঘ এটি ঘর্ষণ বলকে বাড়িয়ে দেয় **ক**

৩৫. সাঁড়াশি, ক্যান ওপেনার, পানি সেচের দোন ইত্যাদি কীসের উদাহরণ? (জ্ঞান)
ক লিভার খ কপিকল গ স্ক্রু ঘ হেলানো তল **ক**

৩৬. কপিকল ব্যবহার করলে কাজ সহজ হওয়ার উপযুক্ত কারণ কোনটি? (উচ্চতর দক্ষতা)
ক এটি বলের দিক পরিবর্তন করে বলে
খ এটি বলের পরিমাণ বাড়িয়ে দেয় বলে
গ এটি বস্তুর ওজন কমিয়ে দেয় বলে
ঘ এটি ঘর্ষণ বল বাড়িয়ে দেয় বলে **ক**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## অষ্টম অধ্যায় ) ভূমিরূপ

১. পৃথিবীর বাইরের কঠিন ও শুষ্ক আবরণকে কী বলা হয়? (জ্ঞান)
ক ভূমি খ পানি গ বায়ু ঘ আকাশ — ক

২. ভূপৃষ্ঠের ভূমিরূপ সর্বত্র কেমন? (জ্ঞান)
ক বিভিন্ন রকম খ সর্বত্র সমান
গ সর্বত্র সমতল ঘ সর্বত্র উঁচু-নিচু — ক

৩. নিচের কোনটি পানিশূন্য ঊষর মরুভূমি? (জ্ঞান)
ক সাহারা খ নামিব গ পামির ঘ সিরিয় — ক

৪. পৃথিবীর বিভিন্ন অঞ্চলের ভূমির বৈচিত্র্যময় গঠনকে কী বলে? (জ্ঞান)
ক ভূমিরূপ খ মালভূমি
গ মরুভূমি ঘ সমুদ্রপৃষ্ঠ — ক

৫. স্থলভাগের ভূমিরূপকে প্রধানত কয়টি ভাগে করা যায়? (জ্ঞান)
ক চারটি খ তিনটি
গ দুইটি ঘ পাঁচটি — খ

৬. পর্বতের উচ্চতা সমুদ্রপৃষ্ঠ থেকে কত উঁচুতে অবস্থিত? (জ্ঞান)
ক ৪০০ মি. খ ৬০০ মি.
গ ৮০০ মি. ঘ ৭০০ মি. — খ

৭. পর্বতের চেয়ে কিছুটা কম উঁচু ভূমিরূপকে কী বলে? (জ্ঞান)
ক সমভূমি খ মালভূমি
গ পাহাড় ঘ দ্বীপ — গ

৮. বাংলাদেশের কোন জেলায় পাহাড় রয়েছে? (জ্ঞান)
ক ঢাকা খ খুলনা
গ চট্টগ্রাম ঘ কুমিল্লা — গ

৯. পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ভূমিরূপ কেমন? (জ্ঞান)
ক পাহাড়ি খ সমতল
গ মালভূমি ঘ ব-দ্বীপ — ক

১০. মালভূমির অপর নাম– (জ্ঞান)
ক সমতল ভূমি খ টেবিল ল্যান্ড
গ মহীঢাল ঘ পর্বত — খ

১১. কোন মালভূমি সবচেয়ে উঁচু মালভূমি হিসেবে পরিচিত? (জ্ঞান)
ক সাহারা খ সিরিয়া
গ তিব্বত ঘ নামিব — গ

১২. সমুদ্রপৃষ্ঠ থেকে উঁচুতে অবস্থিত খাড়া ঢালবিশিষ্ট ভূমিরূপকে কী বলে? (জ্ঞান)
ক মালভূমি খ পর্বত
গ সমভূমি ঘ পাহাড় — খ

১৩. তোমার বন্ধু পাহাড়ি বনাঞ্চল এবং উঁচু-নিচু ভূমিরূপ দেখতে চায়। তুমি তাকে কোন বিভাগে যাওয়ার পরামর্শ দিবে? (উচ্চতর দক্ষতা)
ক রংপুর খ রাজশাহী গ সিলেট ঘ খুলনা — গ

১৪. হিমালয় পর্বতমালা কোন ধরনের ভূমিরূপের উদাহরণ? (জ্ঞান)
ক পাহাড় খ পর্বত গ মালভূমি ঘ সমভূমি — খ

১৫. পর্বত থেকে নিচু কিন্তু সমভূমি থেকে উঁচু ঢেউ খেলানো ভূমিরূপকে কী বলে? (জ্ঞান)
ক দ্বীপ খ পাহাড় গ উপত্যকা ঘ মালভূমি — ঘ

১৬. পাহাড় পর্বত থেকে আলাদা। কারণ পাহাড়— (অনুধাবন)
ক পর্বতের তুলনায় উঁচু
খ পর্বতের তুলনায় কিছুটা কম উঁচু
গ সবসময় বরফে ঢাকা থাকে
ঘ কেবল সমভূমিতে পাওয়া যায় — খ

১৭. সমুদ্রপৃষ্ঠ থেকে সামান্য উঁচু বিস্তীর্ণ সমতল অঞ্চলকে কী বলে? (জ্ঞান)
ক সমভূমি খ মালভূমি গ পর্বত ঘ পাহাড় — ক

১৮. মানুষের বসবাসের জন্য কোন ভূমিরূপ সবচেয়ে উপযোগী? (অনুধাবন)
ক সমভূমি খ মালভূমি গ পাহাড় ঘ পর্বত — ক

১৯. সমভূমি কৃষি কাজের জন্য উপযোগী কেন? (অনুধাবন)
ক মাটি উর্বর খ বৃষ্টিপাত কম হয়
গ মাটি অনুর্বর ঘ সূর্যের আলো কম পড়ে. — ক

২০. সমভূমি অঞ্চলের মানুষের প্রধান জীবিকা কী? (জ্ঞান)
ক ব্যবসা খ পর্যটন
গ খনিজ উত্তোলন ঘ কৃষিকাজ — ঘ

২১. প্রাকৃতিক কারণে ভূমিরূপের পরিবর্তন সাধারণত কেমন হয়? (অনুধাবন)
ক ধীরগতিতে খ আকস্মিকভাবে
গ মাঝারি গতিতে ঘ খুব দ্রুত — ক

২২. নদীভাঙন, ভূমিকম্প, আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত কী ধরনের ভূমিরূপ পরিবর্তনের কারণ? (অনুধাবন)
ক মানবসৃষ্ট খ বৈশ্বিক
গ সামাজিক ঘ প্রাকৃতিক — ঘ

২৩. বন ধ্বংস, পাহাড় কাটা, নগরায়ন, বাঁধ নির্মাণ কী ধরনের ভূমিরূপ পরিবর্তনের কারণ? (অনুধাবন)
ক মানবসৃষ্ট খ বৈশ্বিক
গ সামাজিক ঘ প্রাকৃতিক — ক

২৪. বর্ষাকালে নদীর পানি বৃদ্ধির ফলে তীব্র স্রোতে নদীর পাড় ভেঙে যাওয়াকে কী বলে? (জ্ঞান)
ক প্লাবন খ বন্যা গ ভূমিধস ঘ নদীভাঙন — ঘ

২৫. কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে নদীর গতিপথ পরিবর্তিত হতে পারে? (জ্ঞান)
ক ভূমিকম্প খ ঘূর্ণিঝড়
গ খরা ঘ দাবানল — ক

২৬. কোনটি দ্রুত ভূমিরূপ পরিবর্তন করতে পারে? (জ্ঞান)
ক ঝড় খ নদীভাঙন
গ ভূমিকম্প ঘ সুনামি — গ

২৭. আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের ফলে কী নির্গত হয়? (জ্ঞান)
ক পানি খ ম্যাগমা
গ লাভা ঘ মার্কারি — গ

২৮. ২০১৫ সালে নেপালে সংঘটিত ভয়াবহ দুর্যোগটি কী ছিল? (জ্ঞান)
ক ভূমিকম্প খ বন্যা
গ সুনামি ঘ ঘূর্ণিঝড় — ক

২৯. বরফের প্রবাহ বা হিমবাহের কারণে কোথায় ভূমিরূপের পরিবর্তন ঘটে? (জ্ঞান)
ক সমভূমি অঞ্চলে খ মরু অঞ্চলে
গ মেরু অঞ্চলে ঘ মালভূমি অঞ্চলে — গ

৩০. পৃথিবীর কোন অঞ্চল সারাবছর বরফাচ্ছন্ন থাকে? (জ্ঞান)
ক মরু অঞ্চল খ নিরক্ষীয় অঞ্চল
গ মেরু অঞ্চল ঘ নাতিশীতোষ্ণ অঞ্চল — গ

৩১. বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি কোন প্রাকৃতিক পরিবর্তনের জন্য দায়ী? (অনুধাবন)
ক মেরু অঞ্চলের হিমবাহ গলে যাওয়া
খ ভূমিকম্প বেড়ে যাওয়া
গ আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত
ঘ মরুকরণ — ক

৩২. সাগরের নিচে ভূমিকম্পের ফলে সৃষ্ট বিশাল সামুদ্রিক ঢেউকে কী বলে? (জ্ঞান)
ক সুনামি খ ঘূর্ণিঝড়
গ জলোচ্ছ্বাস ঘ বন্যা — ক

প্রাথমিক বিজ্ঞান

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৩৩. পাহাড়ি এলাকায় ভূমিধসের মূল কারণ কী? (জ্ঞান)
ক বনভূমি ধ্বংস করা খ পাহাড় ধ্বংস করা
গ ইটের ভাঁটা তৈরি করা ঘ শিল্পকারখানার বর্জ্য — খ

৩৪. জুম চাষ হয় বাংলাদেশের কোথায়? (জ্ঞান)
ক সিলেট, চট্টগ্রাম খ ঢাকা, বরগুনা
গ খুলনা, বরিশাল ঘ পঞ্চগড়, সাতক্ষীরা — ক

৩৫. বৃষ্টিপাত কমে তাপমাত্রা বাড়ছে কেন? (জ্ঞান)
ক রাস্তা নির্মাণ করায় খ বাড়ি করায়
গ পাহাড় কাটায় ঘ বন উজাড় করায় — ঘ

৩৬. ফারাক্কা বাঁধের কারণে বাংলাদেশের নদীগুলোর কী পরিবর্তন হয়েছে? (অনুধাবন)
ক নদীগুলো নাব্যতা হারিয়েছে
খ নদীর গভীরতা বেড়েছে
গ নদীর সংখ্যা বেড়েছে
ঘ নদীতে স্রোত বেড়েছে — ক

৩৭. ক্রমবর্ধমান জনগোষ্ঠীর আবাসনের জন্য নদী ও খাল ভরাট হয়ে নতুন নগর তৈরির ফলে কী ঘটেছে? (উচ্চতর দক্ষতা)
ক ভূমিরূপের পরিবর্তন হচ্ছে
খ মাটির উর্বরতা বৃদ্ধি পায়
গ ভূমির উচ্চতা বৃদ্ধি পায়
ঘ নতুন পাহাড় তৈরি হয় — ক

৩৮. ইটভাটার কারণে ভূমিরূপের কী ধরনের ক্ষতি হয়? (অনুধাবন)
ক ভূমির উচ্চতা বৃদ্ধি পায়
খ মাটির উর্বরতা বৃদ্ধি পায়
গ জমি অনুর্বর হয়ে পড়ে
ঘ নতুন পাহাড় তৈরি হয় — গ

৩৯. শিল্প ও কলকারখানার বর্জ্য নদীতে ফেললে কী হয়? (অনুধাবন)
ক পানি ও মাটি দূষিত হয় খ নদীর নাব্যতা বৃদ্ধি পায়
গ নদীর পানি পরিষ্কার হয় ঘ মাছের উৎপাদন বাড়ে — ক

৪০. কৃষিকাজে সেচের জন্য অতিরিক্ত ভূগর্ভস্থ পানি উত্তোলনের ফলে কী হতে পারে? (প্রয়োগ)
